

ট্রাম্পের কর ছাড় বিল

ধনীদের উৎসব, গরিবের দুশ্চিন্তা?

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা 'অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট' চালু করেছিলেন। *১১-এর পৃষ্ঠায় দেখুন*

ক্যাশ রেমিট্যান্স পাঠাতে দিতে হবে ১% ট্যাক্স

বাংলা পত্রিকা রিপোর্ট: কোন ব্যাংক ট্রান্সফার বা কার্ড ছাড়া শুধু নগদ অর্থ অর্থ্যাৎ ক্যাশ ট্রানজেকশনের মাধ্যমে যুক্তরাষ্ট্র থেকে রেমিট্যান্স পাঠাতে হলে এখন থেকে দিতে হবে ১ পার্সেন্ট কর। সদ্য হাউস-সিনেটে পাস হওয়া বিলে রেমিট্যান্স পাঠানোর ক্ষেত্রে এ কর আরোপ করা হয়।

ট্রাম্প প্রশাসনের রেমিট্যান্স কর পরিকল্পনা অবৈধ অভিবাসীদের অর্থ পাঠানো নিরুৎসাহিত করে যুক্তরাষ্ট্রে অভিবাসনের হার কমাতে চায়।

এদিকে বিল পাসের আগে এর খসড়াগুলোতে করের হার ৫ পার্সেন্ট করা হয়েছিলো এবং তা অবৈধ অভিবাসীদেরই *৫-এর পৃষ্ঠায় দেখুন*

পথচলায় ২৯ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 40 / July 07, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৪০ ॥ সোমবার, জুলাই ০৭, ২০২৫, আষাঢ় ২৪, ১৪৩২ ॥ মহররম ১১, ১৪৪৭

ওয়াচ লিস্টে লাখ লাখ ন্যাচারালাইজড সিটিজেন

আমেরিকান নাগরিকত্ব বাতিল হতে পারে যেসব কারণে

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে অভিবাসনবিরোধী অভিযান এখন এক নতুন রূপ নিচ্ছে। শুধু অবৈধ অভিবাসী নয়, বরং আইনগত ন্যাচারালাইজড প্রক্রিয়ায় নাগরিকত্ব পাওয়া অভিবাসীদেরও এখন টার্গেট করা হচ্ছে।

যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ অপরাধে যুক্ত থাকলে কিংবা তথ্য গোপন বা কাগজপত্রে ত্রুটিসহ সামান্য ভুল *৫-এর পৃষ্ঠায় দেখুন*



ইউএসসিআইএস'র তাৎক্ষণিক বহিষ্কারের শিকার বাংলাদেশি


স্বপ্নের আমেরিকাতে থাকা হলোনা মৌলভীবাজারের যুবকের

বাংলা পত্রিকা রিপোর্ট: স্ত্রী ও একমাত্র দুই বছরের সন্তানকে সাথে করে বৈধ পথে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে এসেছিলেন বাংলাদেশের মৌলভীবাজার জেলার যুবক (৩৩)। এখানে এসে অভিবাসন আইনী প্রক্রিয়ায় রাজনৈতিক আশ্রয় প্রার্থনার আবেদনও করেছিলেন ইউএসসিআইএস'এ। যথা নিয়মে নিজের ও স্ত্রী সন্তানের সোশ্যাল সিকিউরিটি এবং ওয়ার্কপারমিটও পেয়েছিলেন। এতে স্বপ্নের আমেরিকায় স্ত্রী-সন্তান নিয়ে বসবাস ও কাজের সুযোগ পেয়ে অনেকটাই স্বস্তিতে ছিলেন।

কিন্তু তাঁর সেই স্বপ্ন ও স্বস্তি স্থায়ী হলো না। ইউএসসিআইএস' কর্তৃপক্ষ দ্রুত শুনানী তারিখ *১৬-এর পৃষ্ঠায় দেখুন*

শুধু জন্মসূত্রে রাষ্ট্রহীন এটাই 'অপরাধ' ছিল

৫ মাস পর আইস আটককেন্দ্র থেকে মুক্ত হয়ে ওয়ার্দ সাকেইক



বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে দীর্ঘদিন থেকে বসবাস করেও আইসের হাতে আটক ছিলেন ফিলিস্তিনি নারী ওয়ার্দ সাকেইক। দীর্ঘ পাঁচ মাসের বন্দিদশার পর ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস)-এর হেফাজত থেকে মুক্ত হয়ে গণমাধ্যমে বলেন, "আমি কোনো অপরাধ করিনি। আমি শুধু জন্মসূত্রে রাষ্ট্রহীন এটাই আমার 'অপরাধ' ছিল। জীবনের পাঁচটি মাস হারিয়ে ফেলেছি।"

তিনি বলেন "আমি আট বছর বয়স থেকে যুক্তরাষ্ট্রে আছি। কলেজে পড়েছি, ব্যবসা চালাই, সম্প্রতি বিয়ে করেছি। তবু হানিমুন শেষে ফেরার পথে আমাকে আটক করে নিয়ে যাওয়া হয় আইসিই ডিটেনশনে।"

বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে সাকেইক বলেন, "আমি পাঁচ মাস হারিয়েছি, কারণ আমাকে *৫-এর পৃষ্ঠায় দেখুন*

টেক্সাসে ভয়াবহ বন্যা: প্রাণ হারালেন অন্তত ৮০ জন

নিখোঁজ বহু, আরও বৃষ্টির আশঙ্কা

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের টেক্সাস অঙ্গরাজ্যে ভয়াবহ আকস্মিক বন্যায় প্রাণ হারিয়েছেন অন্তত ৮০ জন। মৃত্যুর তালিকায় রয়েছে ২৮ জন শিশু। সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে কার কাউন্টিতে, যেখানে 'ক্যাম্প মিস্টিক' নামের একটি গার্লস সামার ক্যাম্প থেকে ১১ জন কিশোরী ও একজন কাউন্সেলর এখনও নিখোঁজ রয়েছেন।

সিএনএন এর রবিবার প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, শুক্রবার ভোরে হঠাৎ করে শুরু হওয়া এই বন্যায় মধ্য টেক্সাসের বেশ কয়েকটি এলাকা প্লাবিত হয়। কার কাউন্টির শেরিফ ল্যারি লেইথা নিশ্চিত করেছেন, তাদের এলাকায় প্রাণ হারিয়েছেন ৬৮ জন, যাদের মধ্যে ৪০ জন প্রাপ্তবয়স্ক এবং ২৮ জন শিশু। *৫-এর পৃষ্ঠায় দেখুন*



যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

'ওয়ান বিগ বিউটিফুল বিল'

স্বাস্থ্য বীমা ও ফুড স্ট্যাম্প হারাবেন দেড় কোটি মানুষ

অভিবাসী বিতাড়নে বিশাল বরাদ্দ

বাংলা পত্রিকা রিপোর্ট: বহুল আলোচিত নতুন 'ওয়ান বিগ বিউটিফুল বিল' সিনেট, হাউস উতরে ৪ জুলাই হোয়াইট হাউজে প্রেসিডেন্ট ট্রাম্পের স্বাক্ষরের পর তা আইনে কার্যকর করা হয়েছে। রিপাবলিকানদের পাস করা এই বিল পাসের পর এ নিয়ে বেশ উদ্বেগ তৈরী হয়েছে আমেরিকান ও অভিবাসী এবং ডেমোক্রেট শিবিরে। এ *৫-এর পৃষ্ঠায় দেখুন*

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE MULTI SERVICES
CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
- TAX Liens Charge Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments

Call us 646-775-7008
www.cmscreditsolutions.com



Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

‘গণ-অভ্যুত্থানের সময় কারাগার ভেঙে পালানো ৭২১ বন্দির ৬৯ জন বিপজ্জনক’

হাতে প্রাণঘাতী অস্ত্র



বাংলা পত্রিকা ডেস্ক: জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থানের সময় বাংলাদেশের পাঁচটি কারাগারে হামলার মধ্য দিয়ে পালিয়ে যাওয়া ৭২১ জন বন্দির এখনো কেউ ধরা পড়েনি। তাদের মধ্যে অন্তত ৬৯ জনকে ‘চরম বিপজ্জনক’ হিসেবে চিহ্নিত করেছে গোয়েন্দা সংস্থাগুলো। পালিয়ে যাওয়া এসব অপরাধীর অনেকের কাছেই রয়েছে রাইফেল, শটগান ও অন্যান্য প্রাণঘাতী আগ্নেয়াস্ত্র, যা এখন জননিরাপত্তার জন্য এক বড় হুমকি হিসেবে দেখা হচ্ছে।

পালিয়ে যাওয়া বন্দিদের তালিকায় রয়েছে হত্যাকাণ্ড, জঙ্গি তৎপরতা, অস্ত্র ও মাদক চোরাচালান, অপহরণ ও রাজনৈতিক সহিংসতায় জড়িত অনেক চিহ্নিত অপরাধী। তাদের কেউ দণ্ডপ্রাপ্ত, কেউবা ছিল বিচারাধীন। ঘটনার সময় বন্দিরা শুধু কারাগারই ভাঙেনি, বরং কারা ভবনের অস্ত্রাগার লুট করে সেখান থেকে বিপজ্জনক অস্ত্র নিয়ে পালিয়ে গেছে বলে তদন্তে উঠে এসেছে।

গণ-অভ্যুত্থানের সময় তৈরি হওয়া অরাজক পরিস্থিতিকে কাজে লাগিয়ে এই পরিকল্পিত কারা হামলা চালানো হয়। নিরাপত্তা বিশ্লেষকদের মতে, ঘটনাগুলো ছিল পূর্বপরিকল্পিত এবং এতে কারা ভেতরের কিছু নিরাপত্তাকর্মীর ভূমিকা নিয়েও সন্দেহের দানা বেঁধেছে। কারাগারে দায়িত্বপ্রাপ্ত কিছু সদস্যের সহযোগিতা ছাড়া এত বড় পালানোর ঘটনা সম্ভব নয় বলেই মনে করছেন সংশ্লিষ্টরা।

সরকার ইতিমধ্যে দেশের সীমান্তবর্তী অঞ্চল ও বড় শহরগুলোর নিরাপত্তা জোরদার করেছে। বসানো হয়েছে বিশেষ চেকপোস্ট, চলছে রাতভর নজরদারি ও অভিযান। র‍্যাব, পুলিশ, সিআইডি ও সামরিক গোয়েন্দা সংস্থাগুলো যৌথভাবে ‘সার্চ অ্যান্ড অ্যারেস্ট’ অভিযান পরিচালনা করছে। সরকারি নির্দেশনায় জনগণকে সতর্ক থাকার এবং কোনো সন্দেহজনক ব্যক্তি বা অস্ত্রধারীকে দেখলে দ্রুত আইনশৃঙ্খলা বাহিনীকে জানানোর আহ্বান জানানো হয়েছে।

একই সঙ্গে এই ঘটনার পেছনে প্রশাসনিক গাফিলতি ও নিরাপত্তা দুর্বলতার বিষয়েও শুরু হয়েছে উচ্চ পর্যায়ের তদন্ত। কারা ব্যবস্থাপনায় সংস্কার ও আধুনিকীকরণের দাবি জোরালো হচ্ছে। নিরাপত্তা বিশ্লেষকেরা বলছেন, যতোদিন না সব পালিয়ে যাওয়া বন্দিকে আটক করা যাচ্ছে, ততদিন পর্যন্ত দেশের নিরাপত্তা নিয়ে নিশ্চিত কিছু বলা যাচ্ছে না।

সর্বশেষ পাওয়া তথ্য অনুযায়ী, পালিয়ে যাওয়া বন্দিদের অনেকে ছদ্মবেশে দেশের বিভিন্ন অঞ্চলে আত্মগোপনে রয়েছে। আবার কেউ কেউ জঙ্গি গোষ্ঠীর সঙ্গে পুনরায় সংগঠিত হওয়ার চেষ্টা করছে বলেও ইঙ্গিত মিলেছে। ফলে শুধু সাধারণ নাগরিকরাই নয়, গোটা নিরাপত্তা ব্যবস্থা এখন এক অনিশ্চয়তা ও উৎকণ্ঠার মধ্যে দিয়ে সময় পার করছে।

গণভবন জয় করেছি, এবার জাতীয় সংসদ জয়ের পালা

—নাহিদ ইসলাম



বাংলা পত্রিকা রিপোর্ট: জাতীয় নাগরিক কমিটির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, “৫ আগস্ট আমরা গণভবন জয় করেছি, এবার লক্ষ্য জাতীয় সংসদ। সামনের নির্বাচনে তরুণদের বিজয়ের উচ্ছ্বাস ছড়িয়ে পড়বে সারা বাংলাদেশে।”

রোববার রাত সোয়া আটটার দিকে রাজশাহীর সাহেব বাজার জিরো পয়েন্টে এক পথসভায় তিনি এ কথা বলেন। এর আগে সন্ধ্যা ছয়টায় রেলগেট থেকে শুরু হওয়া ‘জুলাই পদযাত্রা’ শহরের বিভিন্ন সড়ক ঘুরে পথসভায় মিলিত হয়।

নাহিদ বলেন, “আমাদের আন্দোলনের শুরুটা হয়েছিল ফ্যাসিবাদের পতনের স্বপ্ন নিয়ে। আমরা রাজপথে নেমেছিলাম বুকভরা আশা নিয়ে। আমার ভাই আবু সাঈদ বুক পেতে দিয়েছিল পুলিশের গুলির সামনে। এই শহরের অনেক তরুণ প্রাণ শহীদ হয়েছে। আমাদের লক্ষ্য শুধু শেখ হাসিনার পতন ছিল না, ছিল সংস্কার ও পুনর্গঠনের মাধ্যমে বাংলাদেশের নবজাগরণ ঘটানো।”

তিনি আরও বলেন, “সংস্কার ও বিচারের সুরাহা না হলে এগোনো যাবে না। আমরা খুনি হাসিনার বিচার চাই, চাই নতুন সংবিধান, চাই গণতান্ত্রিক সংস্কারের ভিত্তি। এই প্রজন্ম দেশের মানুষের কাছে অঙ্গীকার করছেড়এবার আমরা একটি নতুন গণতান্ত্রিক সংবিধান উপহার দেব।”

নাহিদ ইসলাম পথসভায় বলেন, “৫ আগস্টের পর নানা ষড়যন্ত্র আমাদের সংস্কারের পথ রুদ্ধ করেছে। আমরা ভুল স্বীকার করছি। সীমাবদ্ধতা ছিল, কিন্তু এবার শপথ করছিড় আর কোনো ভুল করব না, আর কোনো স্বৈরতন্ত্রকে সুযোগ দেব না। পরিবারতন্ত্রের অবসান ঘটিয়ে মেধা ও যোগ্যতার ভিত্তিতে নতুন রাজনৈতিক কাঠামো গড়ে তুলব।”

তিনি আরও অভিযোগ করেন, “যারা বলে, ‘জুলাই কেবল আবেগের মাস’, তারা আসলে মুজিববাদের পাহারাদার হয়ে উঠেছে। সংবিধানে ‘জুলাই’র অবস্থান না দেওয়ার মধ্য দিয়ে তারা ফের মুজিববাদের পথে ফিরে যেতে চাইছে। আমরা তাদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলব।”

পথসভায় আরও বক্তব্য দেন জাতীয় নাগরিক কমিটির সদস্যসচিব আখতার হোসেন, সিনিয়র যুগ্ম সদস্যসচিব তাসনীম জারা, উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম, দক্ষিণাঞ্চলের সংগঠক হাসনাত আবদুল্লাহ, রাজশাহী মহানগর কমিটির সমন্বয়ক মো. মোবাশ্বের আলী প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দলের মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী।

পথসভা শেষে রাজশাহীর গণকপাড়া এলাকায় দলটির মহানগর কার্যালয় উদ্বোধন করা হয়।



NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার

WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem
Hamaspik MANAGED CARE
MetroPlusHealth
SWH Senior Whole Health









FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT

MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER

SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা

CALL US NOW:
718-516-3425

A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP

Design by: ihopeprint.com, 929-538-7903

CONTACT US:

Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

‘বিগ বিউটিফুল বিল’এর প্রভাব
জনস্বাস্থ্য ও খাদ্য নিরাপত্তার উপর হুমকি

সদ্য পাস হওয়া ‘বিগ বিউটিফুল বিল’ প্রথমে শুনতে আকর্ষণীয় লাগলেও, এর গভীরে রয়েছে বহু মানুষের জীবনযাত্রার উপর সুদূরপ্রসারী নেতিবাচক প্রভাব। বিশেষ করে জনস্বাস্থ্য সেবা ও ফুড স্ট্যাম্প কর্মসূচির (SNAP) জন্য বরাদ্দ কাটছাঁটের প্রস্তাব-গরিব, কর্মজীবী ও নিম্ন-আয়ের মানুষের জন্য এক ভয়ানক বার্তা।

এই বিলটি পাস হয়েছে সিনেট ও হাউসে, লক্ষ লক্ষ পরিবার স্বাস্থ্যবিমার সুযোগ হারাবে, মেডিকেইড সেবা সীমিত হবে এবং অনেকেই আর চিকিৎসা খরচ সামাল দিতে পারবে না। করোনাকালের পর যখন বহু মানুষ মানসিক স্বাস্থ্য ও দীর্ঘস্থায়ী অসুস্থতার সঙ্গে লড়ছে, তখন জনস্বাস্থ্য সেবায় বাজেট কাটছাঁট কার্যত এক নিষ্ঠুর সিদ্ধান্ত।

আরও উদ্বেগজনক হলো, SNAP প্রোগ্রামের জন্য বরাদ্দ কমানোর প্রস্তাব। এই প্রোগ্রামটি শুধুমাত্র খাদ্য নয়, আত্মমর্যাদার প্রশ্ন। বর্তমান মূল্যস্ফীতির সময়ে খাদ্য সহায়তা বন্ধ বা হ্রাস মানে শিশুদের পুষ্টিহীনতা, প্রবীণদের অনাহার, এবং একটি পুরো প্রজন্মের স্বাস্থ্যহানির ঝুঁকি।

অর্থনৈতিক বৈষম্য ও শ্রেণি বৈষম্যের চিত্র ফুঁটে ওঠেছে।

বিলটির একটি গুরুত্বপূর্ণ দিক হলো কর্পোরেট কর ছাড় ও ধনীদের জন্য কর হ্রাস অব্যাহত রাখা। যেখানে ন্যূনতম আয়ের নাগরিকরা খাবার আর ওষুধের হিসাব মিলাতে হিমশিম খাচ্ছেন, সেখানে বিলিয়ন ডলারের কর ছাড়-এটা কি কোনো সভ্য দেশের নীতিনির্ধারণ হতে পারে?

যদি সত্যিই বাজেট ঘাটতি কমাতে হয়, তবে তা করা সম্ভব বড় বড় কর্পোরেশন ও ধনী ব্যক্তিদের ন্যায্য করের আওতায় এনে। যুক্তরাষ্ট্রে বর্তমানে বহু বহুজাতিক প্রতিষ্ঠান কার্যত শূন্য কর দিয়ে ব্যবসা করছে, যা একটি গণতান্ত্রিক দেশের জন্য লজ্জার বিষয়।

‘বিগ বিউটিফুল বিল’ এর পিছনে বড় ব্যবসায়িক স্বার্থ ও কর ছাড়ের সুযোগ থাকলেও, সাধারণ মানুষের প্রয়োজনীয় সেবা ছাঁটাই করে এই বিল যে কার স্বার্থ রক্ষা করছে, তা এখন স্পষ্ট। এটি একটি অর্থনৈতিক নীতির নামে সামাজিক বৈষম্য বৃদ্ধির প্রচেষ্টা।

জনস্বাস্থ্য ও খাদ্য নিরাপত্তা কোনো বিলাসিতা নয়-এগুলো মৌলিক অধিকার। এই বিল পাস হয়ছে, এজন্য আমেরিকার সাধারণ জনগোষ্ঠী ঝুঁকিপূর্ণ ভবিষ্যতের মুখোমুখি হবে।

‘বিগ বিউটিফুল বিল’ নয়, চাই ন্যায্য ও মানবিক বাজেট, যা সকলের জন্য নিরাপদ, স্বাস্থ্যকর ও মর্যাদাসম্পন্ন জীবন নিশ্চিত করে।



শাসক পরিবর্তনের আমেরিকার নীতি ইরানিদের ‘স্বাধীন’ করবে?

সিয়ারা মোয়েজিদিস



গত মাসে সৌদি অর্থায়নে পরিচালিত নেটওয়ার্ক ইরান ইন্টারন্যাশনালের সঙ্গে এক সাক্ষাৎকারে ইরানে ইসরায়েলি হামলায় দেশটির প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ‘নারী, জীবন, স্বাধীনতা’ এর মহান স্লোগানের ব্যাপারে গর্ব করেছিলেন। অথচ এ ব্যক্তিকেই গাজায় যুদ্ধাপরাধের জন্য আন্তর্জাতিক অপরাধ আদালত ওয়ান্টেডের তালিকাভুক্ত করেছেন। তিনি তেহরানের ওপর দিয়ে উড়ে যাওয়া একজন ইসরায়েলি মহিলা পাইলটের গল্প বলছিলেন, যিনি ইরানের ‘ক্ষেপণাস্ত্র ও পারমাণবিক স্থাপনাকে নিশানা করেছিলেন। তবে তিনি অন্য অর্থে ইরানি নারী ও সর্বত্র সব মুক্ত মানুষের জন্য লড়াই করছেন।’

ইরানি প্রবাসীদের কেউ কেউ এই মুক্তিকামী মিথকে বিশ্বাস করেছেন। ইতিহাস বলে এর চূড়ান্ত পরিণতি কী হয়। ইরাকের গণবিধ্বংসী অস্ত্র (ডব্লিউএমডি) মিথ, আফগানিস্তানের ‘স্বাধীনতায় নারীদের বোমাবর্ষণ’-এর মিথ এবং লিবিয়ার ‘বেসামরিক নাগরিকদের রক্ষা করার জন্য’ রেজিম চেঞ্জের মিথ ছাড়া ভিন্ন কিছু দেখার সুযোগ নেই।

বেশির ভাগ ইরানি-আমেরিকান যুদ্ধের বিরোধিতা করেছিলেন এবং ইরানের ওপর বোমাবর্ষণ দেখে ভীত হয়ে পড়েছিলেন। আমি দেখেছি, ইরানি প্রবাসীদের একটি ছোট হলেও অত্যন্ত সোচ্চার অংশ একই ভয়াবহতা দেখে একেবারেই ভিন্ন সিদ্ধান্তে উপনীত হচ্ছে। এই বিভাজন এমন এক মুহূর্তে প্রকাশিত পেয়েছিল, যখন ৯ কোটিরও বেশি জনসংখ্যার একটি দেশে জীবন ও মৃত্যুর ঝুঁকি ছিল। এ ছাড়া যখন ইসরায়েল ও যুক্তরাষ্ট্র সম্পূর্ণ দায়মুক্তি নিয়ে প্রায় দুই বছর ধরে ফিলিস্তিনিদের বিরুদ্ধে গণহত্যা চালিয়েছিল। ইরানের ওপর আক্রমণকালে ইসরায়েল গাজা ও বৈরুতে দীর্ঘদিন ধরে ব্যবহৃত একই ইহুদিবাদী নীতি অনুসরণ করেছে। তার মধ্যে সবচেয়ে কুখ্যাত হলো ‘দাহিয়া মতবাদ’-এর মাধ্যমে, যা অপ্রতিরোধ্য শক্তি প্রয়োগ ও বেসামরিক অবকাঠামো ধ্বংসের আহ্বান জানায়। এটি ইরানি প্রবাসীদের লক্ষ্য করে একটি সমান্তরাল প্রোপাগান্ডাও চালিয়েছে, যারা সহিংসতাকে মুক্তি হিসেবে তুলে ধরতে তাদের হাসবারা কৌশল ব্যবহার করেছে, যা সাধারণ মানুষের সঙ্গে সম্পর্কের ধরন ঠিক করে।

‘নারী, জীবন, স্বাধীনতা’ আন্দোলনকালে এটি বিশেষভাবে স্পষ্ট হয়ে ওঠে, যখন যুদ্ধের বিরোধিতাকারী ইরানি-আমেরিকানরা হয়রানি ও প্রোপাগান্ডার ঢেউয়ের মুখোমুখি হয়েছিল। গত দুই বছরে এটি কেবল তীব্রতর হয়েছে। ইরানে গণহত্যা বা ইসরায়েলের আগ্রাসনের বিরুদ্ধে কথা বলুন এবং এই প্রবাসী গোষ্ঠীগুলো আপনাকে বিদ্যমান ‘রাজনৈতিক বন্দোবস্তের সমর্থক’ বলে চিহ্নিত করে। ফিলিস্তিনি ও ইরানি উভয়ের জন্যই মুক্তির পক্ষে অবস্থান নিলে আপনাকে ‘বিশ্বাসঘাতক’ হিসেবে চিহ্নিত করা হবে।

ইরান সরকার ও তার অপরাধের নিন্দা না করেই যুদ্ধ বন্ধের ডাক দিন, তাহলে আপনি যৌন হয়রানি এবং হয়রানির ঝুঁকিতে পড়বেন। ২০২২ সালে এই গোষ্ঠীগুলো যথাযথভাবে ‘নারী, জীবন, স্বাধীনতা’ আন্দোলনে শরিক হয়েছিল ইরানি সরকারের জনগণের বিরুদ্ধে দাঁড়ানোর প্রতিবাদে। ফলে নিরাপত্তা বাহিনীর হাতে ৫৫০ জন লোক নিহত হন। তবুও যখন মাত্র ১২ দিনে ইসরায়েল ৯০০ জনেরও বেশি ইরানিকে হত্যা করেছিল, তখন তারা চুপ ছিল।

আমিসহ অনেক ইরানি আমেরিকান ইসরায়েলের গণহত্যা দেখে ভীত হয়েছি। আশঙ্কা করেছি যে, যদি এ ধরনের নৃশংসতা দায়মুক্তির সঙ্গে সংঘটিত হতে পারে, তাহলে ইরানিদেরও লক্ষ্যবস্তু করা থেকে তাদের কেউই বিরত রাখতে পারবে না। মূলধারার গণমাধ্যমগুলো ধারাবাহিকভাবে ইসরায়েলপন্থি কণ্ঠস্বর একটি প্ল্যাটফর্ম দিলেও, আমাদের দৃষ্টিভঙ্গি মূলত উপেক্ষা করা হয়েছে।

গত এক বছরে আমি ২৫ প্রবাসী ইরানির সাক্ষাৎকার নিয়েছি। এগুলো জাদালিয়ায় প্রকাশিত গবেষণাপত্রে যুক্ত করা হয়েছে। এর উদ্দেশ্য ছিল কেন এত ইরানি ইসরায়েলকে সমর্থন করে তা বোঝা। বারবার আসা বিষয়গুলো হলো: অভ্যন্তরীণ কল্যাণের চেয়ে তেহরানের আঞ্চলিক অগ্রাধিকার নিয়ে হতাশা; আরব-বিরোধী এবং ইসলামবিদ্বেষ মনোভাবের সঙ্গে জড়িত সামষ্টিক মানসিক ট্রমা এবং কোনো কোনো ক্ষেত্রে নিছক সুবিধাবাদ। ইরান সরকারের প্রতি তাদের বিরোধিতা বিচার-বিবেচনাকে বিকৃত করে দেয়। আর তাদের এই বাস্তবতা থেকে অন্ধ করে দেয় যে, ইসরায়েল যুক্তিসংগত ভূমিকা পালনকারী নয়, তারা ইচ্ছাকৃতভাবে এই অঞ্চলজুড়ে বেসামরিক নাগরিকদের ওপর দায়মুক্তির লক্ষ্যবস্তু তৈরি করে। যুদ্ধকালে

> ইরান সরকার ও তার অপরাধের নিন্দা না করেই যুদ্ধ বন্ধের ডাক দিন, তাহলে আপনি যৌন হয়রানি এবং হয়রানির ঝুঁকিতে পড়বেন। ২০২২ সালে এই গোষ্ঠীগুলো যথাযথভাবে ‘নারী, জীবন, স্বাধীনতা’ আন্দোলনে শরিক হয়েছিল ইরানি সরকারের জনগণের বিরুদ্ধে দাঁড়ানোর প্রতিবাদে। ফলে নিরাপত্তা বাহিনীর হাতে ৫৫০ জন লোক নিহত হন। তবুও যখন মাত্র ১২ দিনে ইসরায়েল ৯০০ জনেরও বেশি ইরানিকে হত্যা করেছিল, তখন তারা চুপ ছিল...

যথাযথভাবে ‘নারী, জীবন, স্বাধীনতা’ আন্দোলনে শরিক হয়েছিল ইরানি সরকারের জনগণের বিরুদ্ধে দাঁড়ানোর প্রতিবাদে। ফলে নিরাপত্তা বাহিনীর হাতে ৫৫০ জন লোক নিহত হন। তবুও যখন মাত্র ১২ দিনে ইসরায়েল ৯০০ জনেরও বেশি ইরানিকে হত্যা করেছিল, তখন তারা চুপ ছিল।

হাসবারা কৌশল দ্বারা এই বিষয়গুলো আরও স্পষ্ট হয়ে ওঠে।

ধ্বংসস্তূপের নিচে চাপাপড়া ইরানি শিশুদের ছবি এবং শত শত নিহতের খবরকে দ্রুত রাষ্ট্রীয় প্রচারণা হিসেবে উড়িয়ে দেওয়া হয়। আর দাবি করা হয় যে, নিহতরা সবাই ইরানি বিপ্লবী গার্ড কর্পসের সঙ্গে যুক্ত ছিলেন। একই রকমভাবে ‘হামাস-পরিচালিত স্বাস্থ্য মন্ত্রণালয়’ থেকে আসা ফিলিস্তিনিদের মৃত্যুর সংখ্যা ইহুদিবাদীরা প্রত্যাখ্যান করেছিল।

ইরানিরা কয়েক দশক ধরে স্বাধীনতার জন্য লড়াই করে আসছে। কিন্তু সেই স্বাধীনতা বাইরের শক্তি থেকে আসতে পারে না, যা কারাজ থেকে কেরমানশাহ, তাবরিজ থেকে তেহরান।

সিয়ারা মোয়েজিদিস: ইরানি আমেরিকান আইনজীবী এবং গবেষক; মিডল ইস্ট আই থেকে সংক্ষেপিত ভাষান্তর ইফতেখারুল ইসলাম।

‘মালয়েশিয়ায় গ্রেপ্তার যুবকেরা সিরিয়া ও বাংলাদেশের জঙ্গিদের জন্য অর্থ পাঠাত’

বাংলা পত্রিকা ডেস্ক: মালয়েশিয়ায় বসবাসরত কিছু প্রবাসী বাংলাদেশি ‘ইসলামিক স্টেট (আইএস)’ সংশ্লিষ্ট সংগঠনের জন্য অর্থ সংগ্রহ ও সদস্য নিয়োগে জড়িত ছিলড়এমন চাঞ্চল্যকর তথ্য সামনে এনেছে দেশটির পুলিশ। সম্প্রতি মালয়েশিয়ার স্পেশাল ব্রাঞ্চের কাউন্টার টেররিজম বিভাগ (ইচ) পরিচালিত অভিযানে ‘গেরাকান মিলিটান র‍্যাডিক্যাল বাংলাদেশ’ (জিএমআরবি) নামের একটি সংগঠনের ৩৬ বাংলাদেশি সদস্যকে আটক করা হয়। তাঁদের মধ্যে তিনজন এরই মধ্যে দেশে ফিরে এসেছেন এবং বাংলাদেশে তাঁদের জিজ্ঞাসাবাদ চলছে।

মালয়েশিয়ার পুলিশ প্রধান (আইজিপি) মোহাম্মদ খালিদ ইসমাইল এক সংবাদ সম্মেলনে জানান, গ্রেপ্তার ব্যক্তিরা মূলত সিরিয়া ও বাংলাদেশে আইএসের কার্যক্রমে অর্থ সহায়তা দিচ্ছিল। তদন্তে উঠে এসেছে, এই সংগঠনটি হোয়াটসঅ্যাপ ও টেলিগ্রামের মতো অ্যাপ ব্যবহার করে চরমপন্থী মতাদর্শ প্রচার করত এবং সদস্য সংগ্রহ করত। প্রতিটি সদস্যকে বার্ষিক ৫০০ মালয়েশিয়ান রিংগিত সদস্যপদ ফি দিতে হতো। তহবিল সংগ্রহের ক্ষেত্রে অনুদান নির্ভর করত ব্যক্তিগত সদিচ্ছার ওপর।

তিনি আরও জানান, এই গোষ্ঠী মালয়েশিয়ায় বসবাসরত বাংলাদেশি শ্রমিক, কারখানার কর্মী এবং নিম্নআয়ের অভিবাসীদের টার্গেট করত। সদস্য হওয়ার আগে প্রত্যেককে ‘বায়াত’ বা আনুগত্যের শপথ নিতে হতো। সংগঠনটি কোনো সরাসরি হামলার পরিকল্পনা না করলেও, মতাদর্শ প্রচার ও সদস্য নিয়োগের মাধ্যমে ভবিষ্যতে গুরুতর হুমকি হয়ে উঠতে পারত বলে ধারণা পুলিশের।

আইজিপি জানান, ২৮ এপ্রিল থেকে ২১ জুন পর্যন্ত তিন ধাপে চালানো অভিযানে জোহর ও সেলাঙ্গর প্রদেশে এসব বাংলাদেশিকে আটক করা হয়। আটক ব্যক্তিদের মধ্যে পাঁচজনের বিরুদ্ধে সরাসরি অভিযোগ গঠন করা হয়েছে, ১৫ জনকে মালয়েশিয়ার অভিবাসন বিভাগে হস্তান্তর করা হয়েছে এবং বাকি ১৬ জনকে এখনো সন্ত্রাসবিরোধী আইনে (ঝঙঝগঅ) তদন্ত করা হচ্ছে।

বাংলাদেশ সরকারের পক্ষ থেকে বিষয়টি তদারক করছেন প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানবিষয়ক উপদেষ্টা ড. আসিফ নজরুল। তিনি গণমাধ্যমকে জানান, গ্রেপ্তার ৩৬ জনের মধ্যে তিনজন ইতিমধ্যেই বাংলাদেশে ফিরেছেন এবং তাঁদের জিজ্ঞাসাবাদ চলছে। তদন্তে যদি কারও বিরুদ্ধে আইএস সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়া যায়, তাহলে দেশের আইন অনুযায়ী এবং মালয়েশিয়া থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

শুধু জন্মসূত্রে রাষ্ট্রহীন এটাই ‘অপরাধ’ ছিল

প্রথম পৃষ্ঠার পর অপরাধী বানানো হয়েছিল কেবল রাষ্ট্রহীন হওয়ার জন্য যেটা আমার নিয়ন্ত্রণে ছিল না। আমি কখনো তা বেছে নিইনি। কোনো অপরাধ করে রাষ্ট্রহীন হইনি। আমি কেবল জন্মসূত্রে রাষ্ট্রহীন।”

২২ বছর বয়সী সাকেইক জানান, তিনি ডালাস-ফোর্ট ওয়ার্থ এলাকায় সফল ফটোগ্রাফি ব্যবসা গড়ে তুলেছেন, এবং সম্প্রতি তাহির নামের এক ইউএস নাগরিককে বিয়ে করেছেন।

তবে ফেব্রুয়ারিতে হানিমুন শেষে ইউএস ভার্জিন আইল্যান্ডস থেকে ফেরার পথে তাকে আটক করে আইসিই। এরপর টেক্সাসের অ্যালভারাডোতে প্রেইরিল্যান্ড ডিটেনশন সেন্টারে দীর্ঘ পাঁচ মাস আটক রাখা হয় তাকে। তাকে যুক্তরাষ্ট্র থেকে দ্বিতীয়বারের মতো নির্বাসিত করার চেষ্টা করে সরকার, যদিও তার দেশে ফেরত পাঠানোর বিরুদ্ধে আদালতের আদেশ ছিল।

আটকের দুই দিন পরেই তিনি গ্রিন কার্ডের আবেদন জমা দেন। তার আবেদনের প্রথম ধাপ সম্প্রতি অনুমোদিত হয়েছে।

২২ বছর বয়সী সাকেইক এর পিতা-মাতা ফিলিস্তিনী, তবে সৌদি আরবে জন্মগ্রহণ করেন সাকেইক। সে দেশে জন্মসূত্রে নাগরিকত্বের বিধান না থাকায় সাকেইক রাষ্ট্রহীন। অর্থাৎ তাঁর কোনো দেশেরই নাগরিকত্ব নেই। সাকেইকের পরিবার যুক্তরাষ্ট্রে এসেছিল পর্যটক ভিসায় এবং এরপর আশ্রয় প্রার্থনা করে। যদিও এক দশক আগে তার বিরুদ্ধে ডিপোর্টেশনের আদেশ জারি হয়, তবুও ‘সুপারভিশনের শর্তে’ তাকে থাকতে দেওয়া হয় নিয়মিত চেক-ইন এবং কাজের অনুমতি সহ।

আট বছর বয়সে তিনি যুক্তরাষ্ট্রে আসেন এবং জীবনের বেশির ভাগ সময় এখানেই কাটিয়েছেন। ডিটেনশনের অভিজ্ঞতা বর্ণনা করতে গিয়ে ওয়ার্দ বলেন, “মানবিকতা কেড়ে নেওয়া হয়েছিল আমার কাছ থেকে। আমাকে পশুর মতো এদিক-ওদিক ঘুরিয়ে বেড়ানো হয়েছে। এমন এক জায়গায় পাঠাতে চেয়েছিল, যেখানে আমি কিছুই চিনি না।”

তিনি জানান, তাঁকে তিনটি আটককেন্দ্রে স্থানান্তরিত করা হয়েছিল এবং প্রতিটি স্থানেই কঠিন পরিস্থিতির মুখোমুখি হতে হয়েছে। প্রথম স্থানান্তরের সময়, রমজানে রোজা রেখেছিলেন। তিনি ১৬ ঘণ্টা বাসে খাবার ছাড়াই কাটিয়েছেন।

তিনি বলেন, ‘আমাদের পানি বা খাবার দেওয়া হয়নি। আমরা চালকের কাছে পানির জন্য চাইতাম, খাবারের জন্য দরজায় আঘাত করতাম, কিন্তু সে শুধু রেডিওর ভলিউম বাড়িয়ে দিত এবং এমন ভান করত যেন সে আমাদের কথা শুনছে না।’

ভয়াবহ পরিস্থিতির কারণে তিনি শেষ পর্যন্ত শৌচাগারের কাছেই রোজা ভাঙেন। প্রেইরিল্যান্ড আটককেন্দ্রে ধুলাবালিময় পরিবেশের কারণে নারী বন্দীদের মধ্যে ব্যাপকভাবে অসুস্থতা ছড়িয়ে পড়েছিল বলে জানান সাকেইক।

তিনি জানান, ডিটেনশন সেন্টারের পরিবেশ ছিল ‘ভয়াবহ, অপরিচ্ছন্ন এবং অবমাননাকর’।

“শৌচাগারগুলো একেবারেই অস্বাস্থ্যকর। বিছানাগুলোতে মরিচা, পোকার উপদ্রব, তেলাপোকা, মাকড়সা, পিঁপড়া সবকিছুই আছে। মেয়েরা মাঝরাতে পোকার কামড়ে জেগে উঠত।”

তিনি বলেন, এখন থেকে তিনি আইস এর হাতে আটক থাকা নারীদের পক্ষে সোচ্চার হবেন। “যেসব নারী এখানে আসে, তারা ভালো জীবনের আশায় আসে। কিন্তু তাদের অপরাধী বানানো হয়, তাদের অধিকার কেড়ে নেওয়া হয়, মানুষ হিসেবে বিবেচনাই করা হয় না। আমরা শুধু ভালো জীবন চাই বলেই ‘কম-মানুষ’ হিসেবে আচরণ পেয়েছি।”

সাকেইকের মুক্তির বিষয়ে মন্তব্য চাইলে হোমল্যান্ড সিকিউরিটি বিভাগে এবিসি নিউজকে জানায়, “তার স্বামীর নাগরিকত্ব এবং আইনি আবেদন জমা দেওয়ার পর তাকে মুক্তি দেওয়া হয়।” তবে তার আইনজীবী মারিয়া কারি এই বক্তব্য ‘ভিত্তিহীন’ বলে দাবি করেন।

কারি বলেন, “গ্রিন কার্ডের ও-১৩০ আবেদন জমা দেওয়ার পরেও সরকার তাকে ডিপোর্ট করার চেষ্টা করেছে। আমরা সেই অনুমোদিত আবেদন সরকারের সঙ্গে ভাগাভাগি করিড়তবুও তারা থামেনি।”

কারি জানান, বাইডেন প্রশাসনের ‘ডিফার্ড অ্যাড ফোর্সড ডিপারচার’ প্রোগ্রামে ফিলিস্তিনিদের ডিপোর্ট করা নিষিদ্ধড়তবুও ওয়ার্দকে আটকে রাখা হয়েছিল। “তাদের হানিমুন পরিকল্পনা ছিল ঘরোয়া ভ্রমণড়তবুও সেই ফ্লাইটই তাকে বন্দিদশায় ঠেলে দেয়।”

সাকেইকের আরেক আইনজীবী এরিক লি বলেন, “আমরা জানি, আমেরিকা ফিলিস্তিনকে দেশ হিসেবে স্বীকৃতি দেয় না। তবুও তারা ওয়ার্দকে সেখানে পাঠাতে চেয়েছে।

টেক্সাসের প্রতিনিধি টেরি মেজাও এ ঘটনার সমালোচনা করে বলেন, “সরকার এখন যাকে পারে তাকেই ধরছে। ওয়ার্দের চেয়ে সম্মানজনক মানুষকে টার্গেট করা সত্যিই দুঃখজনক। আমি মুসলিম সম্প্রদায়ের পাশে আছি, কারণ সংবিধানবিরোধী এসব কাজের বিরুদ্ধে আমাদের একসঙ্গে দাঁড়াতে হবে।”

ক্যাশ রেমিট্যান্স পাঠাতে দিতে হবে

প্রথম পৃষ্ঠার পর প্রধান লক্ষ্য করেই তৈরি করা হয়েছিল। তবে পাস হওয়া বিলে বর্তমান সংস্করণে শুধুমাত্র নগদ অর্থ প্রেরণের ওপর ১% ফি আরোপের প্রস্তাব করা হয়েছে; ব্যাংকিং বা ইলেক্ট্রনিক লেনদেন এ করের অন্তর্ভুক্ত নয়।

তথ্যমতে, এই কর আরোপের ফলে যুক্তরাষ্ট্রে অবস্থানরত অভিবাসী শ্রমিকদের ওপর উল্লেখযোগ্য প্রভাব পড়বে বলে ধারণা বিশ্লেষকদের। কারণ, যুক্তরাষ্ট্রে কর্মরত লাখো অভিবাসী নিয়মিত তাঁদের উপার্জনের একটি বড় নগদ অংশ দেশে থাকা পরিবারকে পাঠিয়ে থাকেন। এছাড়া বৈধতা বা সোশ্যাল সিকিউরিটি না থাকা কয়েক মিলিয়ন অভিবাসী যুক্তরাষ্ট্রে ব্যাংক একাউন্ট খুলতে বা এ সেবা ব্যবহার করতে পারছেন না। তাদের সবাই নিজের আয়ের অর্থ নগদ বা ক্যাশে লেনদেন করেন। সরাসরি এ প্রভাব পড়বে এসব অভিবাসীর উপর।

এই ফি থেকে আগামী বছরগুলোতে প্রায় ১০ বিলিয়ন ডলার অতিরিক্ত রাজস্ব আসবে বলে মনে করছে পলিটিকো।

টেক্সাসে ভয়াবহ বন্যা: প্রাণ হারালেন অন্তত ৮০ জন

প্রথম পৃষ্ঠার পর এ ছাড়া ট্রাভিস কাউন্টিতে ৫ জন, বারনেট কাউন্টিতে ৩ জন, কেন্ডাল কাউন্টিতে ২ জন এবং টম গ্রিন ও উইলিয়ামসন কাউন্টিতে ১ জন করে প্রাণ হারিয়েছেন।

এখনও রাজ্যজুড়ে ৪১ জন নিখোঁজ রয়েছেন বলে জানিয়েছেন গভর্নর গ্রেগ অ্যাবট। তিনি আরও সতর্ক করে বলেন, রাজ্যের আরও কিছু অঞ্চলে নতুন করে বৃষ্টিপাতের আশঙ্কা রয়েছে, বিশেষ করে বিগ কান্ট্রি, কনচো ভ্যালি, সেন্ট্রাল টেক্সাস ও কারভিল এলাকায়। মাটি ইতিমধ্যে সম্পূর্ণভাবে ভেজা থাকায় অতিরিক্ত বৃষ্টি আরও প্রাণঘাতী হতে পারে।

নিখোঁজদের খুঁজে বের করতে ড্রোন ব্যবহার করছে টেক্সাস এয়ার ন্যাশনাল গার্ড। অত্যাধুনিক গছ-৯ রিপার ড্রোন দিয়ে নদীপথ ও প্লাবিত এলাকা পর্যবেক্ষণ করা হচ্ছে, যাতে নিখোঁজদের সন্ধান পাওয়া যায়। নদীর ধারে ক্যাম্প মিস্টিক এলাকায় উদ্ধারকারীরা শিশুদের জামাকাপড় উদ্ধার করছেন, সেগুলো শুকিয়ে রেখে পরিচয় শনাক্তের চেষ্টা চালানো হচ্ছে।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প টেক্সাসকে ‘মেজর ডিজাস্টার এরিয়া’ ঘোষণা করেছেন। ফলে এখন ফেডারেল জরুরি ব্যবস্থাপনা সংস্থা ফেমা (ঋউগঅ) সক্রিয়ভাবে উদ্ধার ও সহায়তায় অংশ নিচ্ছে।

এই দুর্ঘটনায় গভীর দুঃখ প্রকাশ করে টেক্সাসের লেফটেন্যান্ট গভর্নর ড্যান প্যাট্রিক বলেন, “আমার বিশ্বাস, অলৌকিক ঘটনা এখনও ঘটতে পারে। আমরা থেমে যাচ্ছি না।”

টেক্সাসের বিভিন্ন এলাকায় উদ্ধারকারীদের জন্য গড়ে উঠেছে এক অনন্য মানবিক সহায়তার চিত্র। কার কাউন্টির সেন্টার পয়েন্ট এলাকায় একটি ছোট দোকান থেকে ফায়ার সার্ভিস ও পুলিশ সদস্যদের জন্য বিনামূল্যে খাবার, পানীয় ও বরফ সরবরাহ করা হচ্ছে। দোকানের কর্মীরা জানিয়েছেন, শুধু একদিনেই তারা এক হাজার ডলারের খাবার ও পানীয় বিতরণ করেছেন।

মার্টিন কাউন্টি থেকে আসা কেসি হোয়াইট ও তার দল নিজ হাতে রান্না করে শত শত মানুষের জন্য খাবার প্রস্তুত করছেন। খাবার ও ঠান্ডা পানীয় নিয়ে তারা উদ্ধারকারীদের পাশে দাঁড়িয়েছেন। কেসি জানান, শুরুতে তারা তিনজন ছিলেন, এখন তাদের পাশে দাঁড়িয়েছে প্রায় ২০ জন স্বেচ্ছাসেবক।

উদ্ধারকাজের তত্ত্বাবধানে থাকা টেক্সাস ইমার্জেন্সি ম্যানেজমেন্ট প্রধান নিম কিড অনুরোধ জানিয়েছেন, কেউ যেন নিশ্চিত তথ্য ছাড়া জরুরি হটলাইনে ফোন না করেন। কারণ গুজব বা অসমর্থিত তথ্যের ভিত্তিতে ফোনকল উদ্ধার কাজ ব্যাহত করতে পারে।

তিনি আরও বলেন, এখন থেকেই ‘রিকভারি’ শব্দটি ব্যবহারে সচেতন থাকতে হবে। রিকভারি মানে এই নয় যে জীবিতদের আর খোঁজা হচ্ছে না। বরং উদ্ধার ও রাস্তা পরিষ্কার, অবকাঠামো মেরামতের কাজ একসঙ্গে চলছে।

আমেরিকান নাগরিকত্ব বাতিল হতে পারে

প্রথম পৃষ্ঠার পর থাকলেই সিটিজেন নাগরিকদেরও ডি-ন্যাচারালাইজেশন কার্যক্রম জোরদারের নির্দেশ দিয়েছে। এমন নির্দেশনায় অভিবাসীদের নিয়ে দুশ্চিন্তার আভাস ইমিগ্র্যাশন বিশেষজ্ঞদের।

এদিকে ইলন মাস্ক ও নিউ ইয়র্ক ডেমোক্র্যোট মেয়র প্রার্থী জোহরান মামদানীকে নাগরিকত্ব নিয়ে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মন্তব্য সে দু:শ্চিন্তায় পারদ ঢেলে দিয়েছে।

ইমিগ্রেশন আইনজীবীরা বলছেন এমন নির্দেশনা যুক্তরাষ্ট্রের ইতিহাসে নজিরবিহীন।

একদিকে ডি-ন্যাচারালাইজেশন প্রক্রিয়া নিয়ে বিচার বিভাগের সক্রিয়তা।

অন্যদিকে প্রেসিডেন্টের বক্তব্যে যাঁরা নিজেদের নিরাপদ মনে করতেন, তাঁরাও এখন আতঙ্কে।

এ বি সি নিউজ তাদের প্রতিবেদনে একটি সরকারি মেমোর বরাতে জানিয়েছে, যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ ডিন্যাচারালাইজেশন বা নাগরিকত্ব বাতিলের প্রক্রিয়া জোরদার করছে। সহকারী অ্যাটর্নি জেনারেল ব্রেট শুমেট স্বাক্ষরিত ওই মেমোতে বলা হয়, যেসকল ব্যক্তির বিরুদ্ধে জাতীয় নিরাপত্তা, মানবপাচার, যুদ্ধাপরাধসহ যেসব অপরাধের প্রমাণ মিলবে, সেসব ক্ষেত্রে নাগরিকত্ব বাতিলের মামলা করা যাবে।

তবে শুধু গুরুতর অপরাধ নয়, এই মেমোতে আরও বলা হয়েছে, এমন সব মামলাও এগিয়ে নেওয়া যাবে, যেগুলোর মধ্যে নাগরিকত্ব গ্রহণের সময় তথ্য গোপন, কাগজপত্রে ত্রুটি বা অন্যান্য প্রক্রিয়াগত ভুল রয়েছে। অর্থাৎ, মাত্রাতিরিক্ত প্রশাসনিক ত্রুটিও এখন নাগরিকত্ব হারানোর কারণ হয়ে দাঁড়াতে পারে।

মেমোটিতে বিচার বিভাগের নতুন চার অগ্রাধিকার কথা বলা হয়েছে, যার মধ্যে রয়েছে: ইহুদি বিদ্বেষ বন্ধ করা, স্যাঙ্কচুয়ারি স্টেট ও সিটিগুলোর বিরুদ্ধে আইনি পদক্ষেপ, প্রয়োজনে ডিন্যাচারালাইজেশন চালানো এবং প্রশাসনের অভিবাসন নীতিকে পূর্ণ বাস্তবায়ন করা।

ইমিগ্র্যাশন বিশেষজ্ঞদের মতে, যুক্তরাষ্ট্রে বিভিন্ন সময়ে অ্যাসাইলামের মাধ্যমে বা ইমিগ্রেশন সুবিধায় ন্যাচারালাইজড সিটিজেনশীপ পেয়েছেন তাদের মধ্যে যারা আমেরিকার স্বার্থপরিপন্থী এবং ট্রাম্প প্রশাসনের বিরোধী কার্যকলাপে সক্রিয় রয়েছেন এমন লাখো অভিবাসীদের ন্যাচারালাইজড প্রক্রিয়া আবারো যাচাই বাছাই করা হচ্ছে। এতে সামন্য ত্রুটি ধরা পড়লে নাগরিকত্ব বাতিল প্রক্রিয়া শুরু করবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

এদিকে ট্রাম্পের সাবেক উপদেষ্টা ইলন মাস্ক “বিগ বিউটিফুল বিল”-এর সমালোচনা করার প্রতিক্রিয়ায় বহিষ্কারের হুমকি দিয়ে ট্রাম্প সাংবাদিকদের বলেন, “আমরা বিষয়টি খতিয়ে দেখব।” এর পরদিন নিউ ইয়র্কের মেয়রপ্রার্থী মামদানিকে উদ্দেশ্য করে ট্রাম্প বলেন, “অনেকে বলছে, সে অবৈধভাবে এখানে আছে। আমরা সব দেখব।”

জবাবে মামদানি বলেন, “আমি কোনো আইন ভাঙিনি। তবু আমাকে নাগরিকত্ব বাতিল হুমকি দেওয়া হচ্ছে”।

১৯৯০ থেকে ২০১৭ সাল পর্যন্ত গড়ে বছরে মাত্র ১১টি নাগরিকত্ব বাতিলের মামলা হয়েছে। কিন্তু ২০১৮ সালে ট্রাম্প প্রশাসনই ১৬০০টি মামলা তদন্তে পাঠায়।

বিশ্লেষকদের মতে, এই মনোভাব আমেরিকার সংবিধানের মৌলিক নাগরিক অধিকারকে হুমকির মুখে ফেলছে। রাজনৈতিক মতবিরোধের জন্য যদি একজন বৈধ নাগরিকের ওপর রাষ্ট্রের প্রতিশোধ চলে আসে, তবে তা শুধু অভিবাসন নয় গণতন্ত্র ও ন্যায়বিচারের ভিত্তিতেই আঘাত।

স্বাস্থ্য বীমা ও ফুড স্ট্যাম্প হারাবেন দেড় কোটি মানুষ

প্রথম পৃষ্ঠার পর বিল পাসে স্বাস্থ্য বিমা ও খাদ্য সহায়তা গ্রহণকালী পরিবার ও ব্যক্তিরা চরম বিপাকে পড়তে যাচ্ছেন। এছাড়া অভিবাসী বিরোধী ক্র্যাকডাউনের গতি বৃদ্ধিতে ব্যাপক বরাদ্দ রাখা হয়েছে বিলে।

সিএনএন ও এপি'র প্রতিবেদনের তথ্যমতে, সদ্য পাস হওয়া এ বিলের আওতায় যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্তে দেয়াল নির্মাণ, ব্যাপক অভিবাসী আটক ও বহিষ্কারের পরিকল্পনায় প্রায় ৩৫০ বিলিয়ন ডলার বরাদ্দ রাখা হয়েছে। এর মধ্যে এ বিল বরাদ্দে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এ ১০ হাজার নতুন কর্মকর্তা-সদস্য নিয়োগের পরিকল্পনা রয়েছে, যাদের প্রত্যেকে পাবেন ১০ হাজার ডলারের সাইনিং বোনাস। একইসঙ্গে বোর্ডার পেট্রোল এজেনন্ট সংখ্যা বাড়ানোর উদ্যোগও রয়েছে। অভিবাসী আটক কেন্দ্র ও ১ লাখ বেড উন্নীত করণ এবং বছরে প্রায় ১০ লাখ অভিবাসীকে যুক্তরাষ্ট্র থেকে বহিষ্কারের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

এ ছাড়া এ বিলে যুক্তরাষ্ট্রে আশ্রয় আবেদনে নতুন করে ফি আরোপ করা হচ্ছে।

মেডিকেইড বা স্বাস্থ্য সেবা এবং স্ন্যাপ সুবিধা হারাবেন দেড় কোটিরও বেশি মানুষ

এই বিলে বিপুল ব্যয় ও কর ছাড় পূরণ করতে রিপাবলিকানরা মূলত কাটছাঁট করতে যাচ্ছে নিম্নআয়ের জনগণের জন্য থাকা মেডিকেইড ও ফুড স্ট্যাম্প (ঝঘঅচ) সুবিধায়।

এই বিলটি একদিকে ট্রাম্পের ২০১৭ সালের কর ছাড় অব্যাহত রেখেছে, অন্যদিকে যুক্ত করেছে নতুন কর ছাড় যার সম্মিলিত ব্যয় প্রায় ৪.৫ ট্রিলিয়ন ডলার। একই সঙ্গে বিলটি অভিবাসন নিয়ন্ত্রণ, প্রতিরক্ষা খাত এবং সামরিক বাজেটও বাড়িয়েছে।

এই ব্যয়ের ভার সামলাতে ট্রাম্প সরকার মেডিকেইড ও খাদ্য সহায়তার মতো সামাজিক নিরাপত্তা কর্মসূচি থেকে ১ ট্রিলিয়ন ডলার ছাঁটাই করেছে। মেডিকেইড ব্যবহারকারীদের জন্য ৩৫ ডলারের নতুন কো-পেমেন্ট আরোপের প্রস্তাব রাখা হয়েছে।

তবে এমন সঙ্কোচন সত্ত্বেও কংগ্রেশনাল বাজেট অফিস বলছে এই বিল ফেডারেল ঘাটতিতে আরও ৩.৩ ট্রিলিয়ন ডলার যোগ করবে।

এদিকে রিপাবলিকানদের যুক্তি এই সহায়তা কর্মসূচিগুলো মূলত যাদের জন্য তৈরি হয়েছিল, যেমন গর্ভবতী নারী, প্রতিবন্ধী ও শিশু, তাদের জন্যই ফোকাস করা হচ্ছে। আর যারা ‘অপব্যবহার, জালিয়াতি ও অপচয়ের’ আওতায় পড়ছে, তাদের ছাঁটাই করা হবে।


বিলটিতে প্রস্তাবিত হয়েছে, যেসব প্রাপ্তবয়স্ক ব্যক্তি মেডিকেইড ও ফুড স্ট্যাম্প পান তাদের প্রতি মাসে ৮০ ঘণ্টা কাজ করার শর্ত মানতে হবে। এমনকি ৬৫ বছর বয়সী প্রবীণরাও এর আওতায় পড়বেন। যদি যাদের সন্তানদের বয়স ১৪ বছর বা তার বেশি হয় তারাও এ আওতায় পড়বেন।


এ ছাড়া, এতদিন ফেডারেল সরকার ঝঘঅচ সুবিধার পুরো ব্যয় বহন করতো। কিন্তু এই বিল অনুযায়ী ২০২৮ সাল থেকে স্টেটগুলোকেও নির্দিষ্ট পরিমাণ ব্যয় বহন করতে হবে।

বর্তমানে ৭১ মিলিয়নের বেশি মানুষ মেডিকেইড এবং ৪০ মিলিয়ন মানুষ ঝঘঅচ সুবিধা নিচ্ছেন। বিশ্লেষকদের মতে, এদের অনেকেই ইতিমধ্যে কর্মরত।

কংগ্রেশনাল বাজেট অফিসের অনুমান অনুযায়ী, বিলটি আইনে পরিণত হলে ২০৩৪ সালের মধ্যে প্রায় ১ কোটি ১৮ লাখ আমেরিকান স্বাস্থ্য বিমা হারাবেন, এবং আরও ৩০ লাখ মানুষ ফুড স্ট্যাম্পের যোগ্যতা হারাবেন।

দেশে সংস্কারের মাধ্যেমে নতুন বন্দোবস্ত সময়ের দাবী





শেষ পৃষ্ঠায় পর সংস্কার চান না, তারা দেশ, জাতি, দলকে ভালোবাসেন না। তারা নিজের স্বার্থে দল করেন। যেকারণে দেশে বৈষম্য, অনৈতিকতা, দূর্নীতি, স্বজনপ্রীতি বেড়েছে। সময়ের দাবী সংস্কারের মাধ্যেমে নতুন বন্দোবস্ত। বক্তারা বলেন, ডা. ওয়াজেদের গ্রন্থটি ইতিহাসের দলিল হিসেবে পাঠকদের প্রেরণা যুগাবে।

কুইন্সের আগ্রা প্যালেসের পার্টি হলে রোববার দুপুরে (৬ জুলাই) এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। সাপ্তাহিক বাংলাদেশ-এর উপদেষ্টা সম্পাদক আনোয়ার হোসাইন মঞ্জুর সভাপতিত্বে অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন আবিদ রহমান। গ্রন্থটির উপর আলোচনায় অংশ নেন প্রবীণ সাংবাদিক মনজুর আহমদ, লেখক-সাংবাদিক হাসান ফেরদৌস, টাইম টেলিভিশনের সিইও আবু তাহের, লেখক-কলামিস্ট মাহমুদ রেজা চৌধুরী ও লেখক-কবি কাজী জহিরুল ইসলাম।

এছাড়াও অনুষ্ঠানে ফ্লোরিডা'র বিশিষ্ট ব্যবসায়ী ও সাপ্তাহিক বাংলাদেশ-এর ভাইস প্রেসিডেন্ট দিনাজ খান সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন সাবেক এমপি ও ঠিকানা গ্রুপের চেয়ারম্যান এম এম শাহীন, বাংলাদেশ সোসাইটি'র সাবেক সভাপতি ডা. ওয়াদুদ ভূইয়া ও নার্গিস আহমেদ, সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, ড. শওকত আলী, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, এডভোকেট মজিবুর রহমান, বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী ও জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গণি ও ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট রেজাউল হক চৌধুরী, সৈয়দ আল আমীন রাসেল, বদরুজ্জামান পিকলু প্রমুখ। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন সাংবাদিক আদিত্য শাহীন।

গ্রন্থটির উপর আলালোচনাকালে মনজুর মোর্শেদ বলেন, 'বাংলাদেশের স্বপ্ন ও চব্বিশের গণঅভ্যুত্থান'-এর সকল নিবন্ধ/প্রবন্ধ পৃথক পৃথকভাবে আলোচনার দাবী রাখে। তার তার লেখায় দ্বিমত প্রকাশের অবকাশ রয়েছে। আর কোন লেখা কবে লেখা হয়েছে তার তারিখ দেয়া থাকলে ভলো হতো। তিনি বলেন, লেখালেখি ছাড়া ভালো সাংবাদিক হওয়া যায় না। আমাদের সময় যে সাংবাদিকতা দেখেছি আজ সেই সাংবাদিকতা নেই।







হাসান ফেরদৌস বলেন, ডা. ওয়াজেদ খানের গ্রন্থটির কোন কোন প্রবন্ধে কারো কারো দ্বিমত থাকার পরও এটি চব্বিশ-এর জুলাই বিপ্লবের একটি দলিল হিসেবে দেখা যেতে পারে। যা পাঠককে জুলাই বিপ্লবের ধারণা দেবে। তবে তিনি বলেন, জুলাই বিপ্লবের ঘটনায় সেনাবাহিনীকে যেভাবে গুরুত্ব দেয়া হয়েছে, সে বিষয়ে আমার দ্বি-মত রয়েছে। দেশের সেনাবাহিনীকে রাষ্ট্রের ত্রাতা নয়, সরকারী প্রতিষ্ঠান হিসেবেই দেখা উচিৎ। দেশ ও জাতির স্বার্থে সেনাবাহিনীর মাথায়ও তা থাকা উচিৎ।

আবু তাহের বলেন, দেশের রাজনৈতিক দলের নেতা-কর্মীরা নিজেদের স্বার্থে দীর্ঘ ১৬ বছর ধরেই নানান সুযোগ সুবিধা নিয়েছেন। দেশের কথা, দেশের জনগণের কথা ভাবেননি বলেই দেশে এতো দূর্নীতি, অরাজকতা, বৈষম্য। তিনি বলেন, দেশপ্রেমে উদ্ধুদ্ধ হয়েই দেশকে ভালোবাসা উচিৎ, রাজনীতিকদের রাজনীতি করা উচিৎ।

মাহমুদ রেজা চৌধুরী বলেন, 'প্রথম বাংলাদেশ আমার শেষ বাংলাদেশ, জীবন বাংলাদেশ আমার মরণ বাংলাদেশ' এই গানই আমাদের শেষ ঠিকানা হওয়া উচিৎ। এই গানের চেতনাই ফুটে উঠেছে ডা. ওয়াজেদ খানের গ্রন্থে। তিনি বলেন, ঢাকার পিলখানায় বিডিআর হত্যার ঘটনার মতো একটি ঘটনাই একটি সরকার পতনের জন্য যথেষ্ট। তিনি বলেন, বিগত সরকারের এতো অন্যায়, অবিচার, অনিয়ম আমাদের সামনে রয়েছে যা দিয়ে এক সপ্তাহের মধ্যেই তাদের দৃষ্টান্তমূলক বিচার করা যেতে পারে।

কাজী জহিরুল ইসলাম বলেন, বর্তমান সময়ে ডা. ওয়াজেদ খানের গ্রন্থটি একটি সফল গ্রন্থ। স্বাধীনতার ৫৪ বছর পর বাংলাদেশ কেমন হওয়া উচিত তাই তুলে ধরা হয়েছে গ্রন্থটিতে। গ্রন্থটিতে রাজনৈতিক বিষয় থাকলেও লেখ নির্মহভাবেই তার মতামত তুলে ধরেছেন। তিনি গ্রন্থটির ইংরেজী প্রকাশনার অনুরোধ জানান।

দিনাজ খান বলেন, ২০২৪ সালের জুলাই মাসে দেশে ছিলাম। ৭দিন ঢাকার বনানীর বাসায় আটক ছিলাম। শুধু গুলির শব্দ শুনেছি। তিনি বলেন, আমি একটি রাজনৈতিক দল করলেও আমি মনে করি একাত্তুর আর চব্বিসের চেতনা ধরে রাখতে হলে দেশের সংবিধান পরিবর্তন দরকার, দেশের সর্বক্ষেত্রেই সংস্কার প্রয়োজন।

ডা. ওয়াজেদ এ খান বলেন, নির্বাচন নয়, আগে সংস্কার জরুরী। নির্বাচন হলেই যে, দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা হবে, সব সমস্যার সমাধান হবে, তা ঠিক নয়। তিনি বলেন, বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ আর ২০২৪-এর বৈষম্য বিরোধী বিপ্লবের চেতনা সমুন্নত রাখতে হলে সকল ক্ষেত্রেই সংস্কার জরুরী। আর ন্যূনতম সংস্কার ছাড়া নির্বাচন হলে তা দেশ ও জাতির জন্য কোন কল্যাণ বয়ে আনবে না।

অনুষ্ঠানে গ্রন্থটি নিয়ে ডা. ওয়াজেদ খানের বক্তব্য সম্বলিত ভিডিও শো প্রদর্শিত হয়। মধ্যাহ্ন ভোজের পাশাপাশি দেশের গান পরিবেশনের মধ্য দিয়ে প্রকাশনা উৎসবের সমাপ্তি ঘটে। এসময় সঙ্গীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় সঙ্গীত দম্পতি লিমন চৌধুরী ও ফারহানা তুলি।


অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গসহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন।















বাংলাদেশের লক্ষ্য এখন মিশন অস্ট্রেলিয়া

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা* : মঞ্চের বাইরে তখন অপেক্ষারত অবস্থায় ফুটবলাররা। জায়ান্ট স্ক্রিনে চলছিল নারী এশিয়ান কাপ বাছাইয়ের পারফরম্যান্সের কিছু ঝলক। মনিকা চাকমা, আফঈদা খন্দকার, মারিয়া মান্দারা খানিকটা ঘাড় বেঁকিয়ে দেখছিলেন তা। আর কানে ভেসে আসছিল ভক্ত সমর্থকদের চিৎকার। এটাই বলে দীর্ঘ ভ্রমণ ক্লান্তি দূরে ঠেলে সংবর্ধনা নিয়ে কতটা উৎসুক ছিলেন তাঁরা।

রাত আড়াইটায় সংবর্ধনা দেওয়ার কথা থাকলেও বাফুফের অনুষ্ঠান শুরু হয় ৩টা ৮ মিনিটে। মিয়ানমার থেকে থাইল্যান্ড হয়ে ঢাকায় ফিরেন আফঈদা-ঋতুপর্ণারা। বিমানবন্দর থেকে সোজা হাতিরঝিলের অ্যাফিথিয়েটারে আসেন তাঁরা। সকালের ফ্লাইটে ভুটানে রওনা দেবেন কয়েক ফুটবলার। যে কারণে রাতেই সংবর্ধনার আয়োজন করে বাফুফে। আলো ঝলমলে মঞ্চে নির্ধারিত সময়ের আগেই হাজির হতে থাকেন ফুটবলপ্রেমীরা। প্রথমবারের মতো বাংলাদেশকে নারী এশিয়ান কাপে নিয়ে যাওয়া ফুটবলারদের স্বাগত জানাতে অপেক্ষা কিছুটা দীর্ঘ হলেও বেশ প্রাণোচ্ছল দেখা যায় তাঁদের।

আধ ঘণ্টার কিছুটা বেশি সময়ের অনুষ্ঠানের শুরুতে ফুলের তোড়া দিয়ে ফুটবলারদের শুভেচ্ছা জানান বাফুফে নির্বাহী কমিটির সদস্যরা। সঙ্গে বাজতে থাকে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের 'মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম' সংগীত। উপস্থাপক প্রথমে মাইক তুলে দেন জাতীয় দলের সাবেক অধিনায়ক আমিনুল ইসলামের হাতে। আমিনুল বলেন, 'বাংলাদেশের ফুটবল উন্মাদনা এটাই। বাংলাদেশের মানুষ যে ফুটবলকে সবচেয়ে বেশি ভালোবাসে, এটাই তার প্রমাণ।'

সমর্থকদের স্লোগানের জন্য ঋতুপর্ণা চাকমা কথা বলতে প্রায় মিনিট খানেক সময় নেন। মেয়েদের লড়াইয়ের মানসিকতা তুলে ধরে তিনি বলেন, 'আজকে আমরা যে এই পর্যায়ে এসেছি, সেটা দলীয় পরিশ্রমের কারণে। ফুটবল কোনো ব্যক্তিগত খেলা নয়। আমরা বাংলাদেশের মেয়েরা জানি কীভাবে কঠিন পরিস্থিতিতে লড়াই করতে হয়। আমাদের প্রতি বিশ্বাস রাখবেন। আমরা আপনাদের নিরাশ করব না। শুধু এশিয়া নয়, বাংলাদেশকে



বিশ্বমঞ্চে নিয়ে যেতে চাই আমরা।'

এমন মুহূর্ত অধিনায়ক আফঈদা খন্দকার মনে রাখবেন আজীবন, 'আমাদের এই সাফল্য একদিনে আসেনি। খুবই ভালো লাগছে। এই মুহূর্ত কখনো ভোলার মতো নয়। সকলে আমাদের জন্য দোয়া করবেন আমরা যেন আরও ভালো কিছু করতে পারি। শুধু দক্ষিণ এশিয়া ও এশিয়া নয়, আমরা যেন বিশ্বমঞ্চে দেশকে আরও অনেক দূর নিয়ে যেতে পারি।'

ইতিহাস গড়া সাফল্যের পেছনে মেয়েদের কৃতিত্ব দিলেন কোচ পিটার বাটলার, 'কঠিন একটা সপ্তাহ ছিল এবং আমি বলব সম্ভবত এটা স্রেফ কঠিন একটা সপ্তাহ ছিল না। কিন্তু তার চেয়ে বেশি গুরুত্বপূর্ণ হচ্ছে সবশেষ ৯ থেকে ১২ সপ্তাহ আমাদের কঠোর পরিশ্রমের মধ্য দিয়ে যেতে হয়েছে। গত বছর থেকে যেটা শুরু হয়েছিল, আমাদের ওঠা-নামার মধ্য দিয়ে যেতে হয়েছে। টালমাটাল সময় ছিল। তবে এই মেয়েদের ছাড়া আজ আমরা এখানে থাকতে পারতাম না। মেয়েরা যা করেছে, সে জন্য তাদের ধন্যবাদ। টিম স্টাফসহ সবাইকে ধন্যবাদ।'

এশিয়ান কাপ বাছাইয়ে তিন ম্যাচে ৫ গোল করেছেন ঋতুপর্ণা। তাঁর নাম তাই মুখরিত হয়ে পড়েছে সবখানে। প্রধান অতিথি হিসেবে আসা সংস্কৃতি উপদেষ্টা মোস্তফা সরওয়ার ফারুকীর কাছে তিনি বাংলাদেশের সেরা ক্রীড়া ব্যক্তিত্ব, 'প্রথমত খেলোয়াড়দের ধন্যবাদ। আপনারা দুর্দান্ত। আপনাদের খেলা আমি দেখেছি। আমি কিছুদিন আগে, বোধ হয় মিয়ানমারের বিরুদ্ধে জয়ের পর আমি ফেসবুকে লিখেছিলাম,বাংলাদেশের অ্যাথলেটদের মধ্যে ঋতুপর্ণা আমার ফেবারিট। আমি একটু কারেকশন করতে চাই। আপনি আমার কাছে প্রিয় ক্রীড়া ব্যক্তিত্ব। আপনি যেভাবে বলেছেন, বাংলাদেশের মেয়েরা জানে কীভাবে প্রতিকূল পরিস্থিতিতে দৌড়াতে হয়...এটা দারুণ।'

আগামী বছরের মার্চে অস্ট্রেলিয়ায় হবে এশিয়ান কাপ। শেষের বক্তব্যে তাই বাফুফে সভাপতি তাবিথ আউয়াল জানালেন, লক্ষ্য এখন মিশন অস্ট্রেলিয়া, 'শুধু বাংলাদেশ নয়, সারা বিশ্বের নারী জাতির পক্ষ থেকে আপনাদের ধন্যবাদ জানাচ্ছি। আপনারা দুটি কাজ করেছেন। আপনারা নতুন করে ইতিহাস লিখছেন এবং আমাদের সমাজের মন-মানসিকতা বদলানোর একটা যাত্রাতে আমাদের এগিয়ে নিচ্ছেন। আমরা ১৮ কোটি মানুষ, এটা একটা টিম ওয়ার্ক। আমরা ১৮ কোটি মানুষের দল, আমরা আপনাদের পাশে আছি। আপনাদের সমর্থন দেওয়ার জন্য। আপনারা এগিয়ে যান। এখন আমাদের একটাই লক্ষ্য-মিশন অস্ট্রেলিয়া।'

সবার বক্তব্য শেষে কোয়ালিফায়েড লেখা বোর্ডে দলীয় ফটোসেশন হয় মেয়েদের। মঞ্চ ছাড়ার সময় ঋতুপর্ণার দিকে ওপর থেকে গোলাপ ছুড়ে মারেন এক সমর্থক। সেটা লুফে নিতে কোনো অসুবিধা হয়নি তাঁর। গোলাপের মতো করেই যেন নারী ফুটবলের বড় স্বপ্নটাকে আগলে রাখবেন তিনি।

গ্লোবাল সুপার লিগে রংপুরের বিপক্ষে খেলবেন সাকিব



দীর্ঘদিন ধরেই আন্তর্জাতিক ক্রিকেটে স্বেচ্ছা বিরতিতে থাকা সাকিব আল হাসান আবারও মাঠে ফিরছেন। তবে এবার তিনি ফিরছেন নতুন পরিচয়ে, নতুন দলে, নতুন লিগে। গায়ানা ক্রিকেট কর্তৃপক্ষ আয়োজিত গ্লোবাল সুপার লিগ (জিএসএল)-এর দ্বিতীয় আসরে দুবাই ক্যাপিটালসের হয়ে মাঠে নামছেন বাংলাদেশি এই তারকা অলরাউন্ডার। গতকাল রোববার দুবাই ক্যাপিটালস নিজেদের সামাজিক মাধ্যমে বিষয়টি নিশ্চিত করে জানায়, দক্ষিণ আফ্রিকার স্পিনার কেশভ মহারাজের পরিবর্তে সাকিবকে স্কোয়াডে অন্তর্ভুক্ত করা হয়েছে। সম্ভাব্য সূচি অনুযায়ী, ১৬ জুলাই সাকিব মাঠে নামবেন তার সাবেক দল রংপুর রাইডার্সের বিপক্ষে।



বাবা হলেন নেইমার

নতুন করে বাবা হলেন নেইমার। ৫ জুলাই ভোরে ব্রাজিলে জন্ম নিয়েছে নেইমার জুনিয়র ও তার প্রেমিকা ব্রুনা ব্যাঙ্কার্ডির দ্বিতীয় সন্তান। এবার অবশ্য একটি ফুটফুটে কন্যাশিশু বাবা হয়েছেন নেইমার। নাম রাখা হয়েছে আদুরে সুরে 'মেল'। ইনস্টাগ্রামে এক আবেগঘন পোস্টে কোলজুড়ে মেয়েকে নিয়ে ছবি শেয়ার করেছেন ব্রুনা লিখেছেন, "আমাদের মেল এসেছে। আমাদের জীবনকে আরও মিষ্টি করে তুলতে। স্বাগতম, মেয়ে! ঈশ্বর যেন তোমার জীবনকে আশীর্বাদ ও নিরাপত্তায় রাখেন।" সেই সঙ্গে একটুখানি হাসিও যেন ঝরে পড়েছে ছবির কোলাজে।

--বাংলা পত্রিকা রিপোর্ট

ক্লাব বিশ্বকাপে গোল্ডেন বুটের লড়াইয়ে এগিয়ে যে দুজন



গনসালো গার্সিয়া





পেদ্রো নেতো

বাংলা পত্রিকা রিপোর্ট: ফিফা ক্লাব বিশ্বকাপে সর্বোচ্চ গোলদাতা কে হবেন, তা নিয়ে চলছে জোর আলোচনা। এই মুহূর্তে তালিকায় যাঁরা আছেন, তাঁদের মধ্যে রিয়ালের গনসালো গার্সিয়া ও চেলসির পেদ্রো নেতোই সবচেয়ে এগিয়ে।

ফিফা ক্লাব বিশ্বকাপ এখন শেষ ধাপে এসে পৌঁছেছে। ৩২ থেকে এখন ৪ দলে। এই চার দলের মধ্যে যেকোনো একটির হাতে উঠবে শিরোপা। টুর্নামেন্টের সর্বোচ্চ গোলদাতার তালিকাতেও আছে ব্যাপক প্রতিদ্বন্দ্বিতা। টুর্নামেন্টে এখন বাকি আর মাত্র তিন ম্যাচ। এই তিন ম্যাচ দিয়ে কেউ কি এককভাবে শীর্ষে উঠবেন, নাকি এই পুরস্কার যৌথভাবে জিতবেন, সেটাই এখন দেখার অপেক্ষা।

ক্লাব বিশ্বকাপের সবচেয়ে বড় আবিষ্কার রিয়াল মাদ্রিদের ২১ বছর বয়সী ফরোয়ার্ড গনসালো গার্সিয়া। বিশ্বকাপে যতক্ষণ মাঠে ছিলেন, আলো ছড়িয়েছেন এই তরুণ। রিয়ালের হয়ে ৫ ম্যাচের প্রতিটিতে গোলে অবদান রেখেছেন গার্সিয়া। সব মিলিয়ে করেছেন ৪ গোল ও ১টি সহায়তা।

গার্সিয়ার ছন্দ ও গোল করার ক্ষমতা বলছে, ক্লাব বিশ্বকাপের সর্বোচ্চ গোলের পুরস্কার গোল্ডন বুটের লড়াইয়ে এই মুহূর্তে বাকিদের চেয়ে তিনিই এগিয়ে। এমনকি আরেকটি গোল করে গোল্ডেন বুট এককভাবে নিজের করে নিতে পারেন গার্সিয়া। কারণ, অন্য যে তিন ফুটবলার তাঁর মতো ৪ গোল করে করেছেন, তাঁদের দল এরই মধ্যে টুর্নামেন্ট থেকে বিদায় নিয়েছে।

গার্সিয়ার মতো ৪টি করে গোল করেছেন বেনফিকার আনহেল দি মারিয়া, আল হিলালের মার্কোস লিওনার্দো এবং বরুসিয়া ডর্টমুন্ডের সেরহু গিরাসি। কিন্তু এই তিনজনের দল এরই মধ্যে বিদায় নেওয়ায় তাঁদের আর গোল সংখ্যা বাড়ানোর সুযোগ নেই। ফলে সেমিফাইলে আর একটি গোল পেলেই এককভাবে শীর্ষে উঠে যাওয়ার সুযোগ থাকবে গার্সিয়ার।

অন্যদিকে প্রতিযোগিতায় ৩ গোল করে করেছেন ৯ জন ফুটবলার। তাঁদের মধ্যে বায়ার্ন মিউনিখের জামাল মুসিয়ালা, মাইকেল ওলিসে ও হ্যারি কেইন, ম্যানচেস্টার সিটির আর্লিং হলান্ড ও ফিল ফোডেন, মন্তেরইয়ের গেরমান বের্তেরামে, জুভেন্টাসের কেনান ইলদিজ এবং আল আহলির ওয়েসাম আবু আলীর আর কোনো গোল বাড়ানোর সুযোগ নেই। কারণ, তাঁদের দলও বিদায় নিয়েছে।

অর্থাৎ ৩ গোল করে করা ৯ ফুটবলারদের মধ্যে শুধু একজনেরই সুযোগ আছে গোল সংখ্যা বাড়ানোর। তিনি চেলসির পেদ্রো নেতো। ফলে সব দিক বিবেচনায় নিলে লড়াইটা এই মুহূর্তে কেবল গার্সিয়া ও নেতোর মধ্যেই বলা যায়।

তবে প্রতিযোগিতায় এখনো বাকি তিন ম্যাচ। এই তিন ম্যাচে ভিনিসিয়ুস-এমবাপ্পে-দেম্বেলে-পালমালদের মতো তারকাদের সুযোগ আছে দারুণ কিছু করে গতিপথ বদলে দেওয়ার। তেমনটি করতে পারলে ক্লাব বিশ্বকাপের গোল্ডেন বুটের লড়াইয়ে নতুন এক রোমাঞ্চেরই দেখা মিলবে।



নেপালের বিপক্ষে খেলবেন হামজা-শামিতরা

বাংলা পত্রিকা রিপোর্ট: সিঙ্গাপুরের বিপক্ষে ম্যাচ খেলার পর বাফুফে থেকে বলা হয়েছিল, জাতীয় দলের পরবর্তী ম্যাচগুলোর প্রস্তুতির জন্য ইউরোপের কোনো দেশের সাথে ফিফা ফ্রেন্ডলি আয়োজন করা হবে। তবে শেষ পর্যন্ত ইউরোপ নয়, দক্ষিণ এশিয়ার দেশ নেপালের বিপক্ষেই ম্যাচ খেলতে যাচ্ছে বাংলাদেশ।

সোমবার বাফুফের একটি সূত্র জানিয়েছে, ৬ ও ৯ সেপ্টেম্বর ম্যাচ দুটি অনুষ্ঠিত হবে নেপালের কাঠমান্ডুর দশরথ স্টেডিয়ামে।বাংলাদেশ এএফসি এশিয়ান কাপ বাছাইয়ের দুটি ম্যাচ শেষ করেছে ভারত ও সিঙ্গাপুরের বিপক্ষে।

অক্টোবরে হংকংয়ের বিপক্ষে এবং নভেম্বরে ভারতের বিপক্ষে পরের ম্যাচগুলো খেলবে বাংলাদেশ। এছাড়া আগামী বছর শেষ ম্যাচ খেলবে সিঙ্গাপুরের বিপক্ষে।

বাফুফে সূত্রে জানা গেছে, দক্ষিণ এশিয়ার বাইরের বেশ কয়েকটি দেশের সাথে ম্যাচ খেলার জন্য বাংলাদেশ ফুটবল ফেডারেশন যোগাযোগ করলেও কোনো সাড়া পাওয়া যায়নি। শেষ পর্যন্ত নেপাল রাজি হওয়ায় বাংলাদেশ দুটি প্রস্তুতি ম্যাচ খেলেই হংকংয়ের বিপক্ষে মাঠে নামবে।

বাংলাদেশ প্রথম ম্যাচে ভারতের সাথে ড্র করে আশা জাগালেও ঘরের মাঠে সিঙ্গাপুরের কাছে হেরে বিদায়ের প্রহর গুনছে। বাকি সব ম্যাচ জিতলেই কেবল বাংলাদেশের সামনে ২০২৭ সালে সৌদি আররে অনুষ্ঠিতব্য এশিয়ান কাপে খেলার সুযোগ বেঁচে থাকবে।


নারী ফুটবল দল প্রথমবারের মতো এশিয়ান কাপের খেলার যোগ্যতা অর্জন করলেও পুরুষরা ধুঁকছেন মাঠে। ১৯৮০ সালে পুরুষ ফুটবল দল প্রথম ও শেষবার এশিয়ান কাপ খেলেছিল। তারপর ৪৫ বছর ধরে এশিয়ার সেরা মঞ্চে পা পড়েনি বাংলাদেশের ফুটবলারদের।

কুলাউড়া এসোসিয়েশনের দোয়া মাহফিল

বাংলা পত্রিকা রিপোর্ট: কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশ ইউএসএ'র আয়োজনে বিভিন্ন সময়ে মৃত্যুবরণকারী কুলাউড়ার বাসিন্দাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও অসুস্থজনদের সুস্থতা কামনায় বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৮ জুন) বাদ মাগরিব নিউইয়র্কের এস্টোরিয়াস্থ আল আমীন মসজিদে এই দোয়ার আয়োজন করা হয়। মিলাদ ও দোয়া পরিচালনা করেন আল আমীন মসজিদের ইমাম হাফিজ মাওলানা লুৎফর রহমান চৌধুরী ও মাওলানা নেসার আহমেদ।

দোয়া মাহফিলে প্রবীণ রাজনীতিবিদ লুৎফুর রহমান চৌধুরী হেলাল, আল আমীন মসজিদের সভাপতি শাহাব উদ্দিন, এসোসিয়েশনের উপদেষ্টা আবুল কালাম, নজরুল ইসলাম, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক মো. জাবেদ উদ্দিন, সংগঠনের সহ সভাপতি লুৎফর রহমান, সহ সাধারণ সম্পাদক বদরুল ইসলাম মিন্টু, কোষাধ্যক্ষ ওবায়দুর রহমান কামাল, সাংগঠনিক সম্পাদক রাহাত বিন ওয়াহিদ, সদস্য মো. মতিউর রহমান মিত্তিক, তাহমিদুর রহমান তৌসিদ, ফারুক মিয়া এবং ভাটেরা এসোসিয়েশনের সাধারণ সম্পাদক তালুকদার হারুন অব রশীদ সহ সর্বস্তরের বিপুল সংখ্যক প্রবাসী উপস্থিত ছিলেন।

দোয়া মাহফিলে দেশ ও জাতির কল্যাণেও বিশেষ মোনাজাত করা হয়। এসময় কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশনের সভাপতি সৈয়দ ইলিয়াস খসরু ও সাধারণ সম্পাদক মইনুর রহমান সুয়েব উপস্থিত সকলের কাছে দোয়া কামনা এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।









ওজনপার্ক ও ব্রুকলিনের প্রাণকেন্দ্র সিটি লাইসেন্স পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কজওয়ে এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট



- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction. (Operate by JH office)

Operate by JH office
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
১টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
25 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

সাংবাদিক-লেখক সাঈদ তারেকের জন্মদিন পালিত












শেষ পৃষ্ঠায় পর নির্মাতা বীর মুক্তিযোদ্ধা সাঈদ তারেক। যুক্তরাষ্ট্রের স্বাধীনতার দিনে জন্ম নেওয়া সাঈদ তারেক এবছর ৭৪ পেরিয়ে ৭৫ বয়সে পা রাখলেন। তাঁর জন্মদিন উপলক্ষ্যে টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা পরিবারের পক্ষ থেকে শুক্রবার (৪ জুলাই) বিকেলে এক অনাড়ম্বর অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে সাঈদ তারেকের সুস্থ্য জীবন আর শতায়ু কামনা করেন শুভাকাঙ্খীরা। খবর ইউএনএ'র।

ব্যতিক্রমী এই অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশনের সিইও আবু তাহের। এরপর উপস্থিত সকলে সাংবাদিক সাঈদ তারেক-কে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। পরবর্তীতে তার সুস্থ্য জীবন আর শতায়ু কামনা সংক্ষিপ্ত বক্তব্য রাখেন নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাবেক সভাপতি ডা. চৌধুরী সারোয়ারুল হাসান, উপদেষ্টা মঈনুদ্দীন নাসের, সাবেক সহ সভাপতি মাহমুদ খান তাসের, সিনিয়র সাংবাদিক ও রাজনীতিক রীটা রহমান, *১১-এর পৃষ্ঠায় দেখুন*




















বগুড়া সোসাইটি ইউএসএ'র নির্বাচন: সাইফুল সভাপতি, রুবেল সাধারণ সম্পাদক





শেষ পৃষ্ঠায় পর বিরিয়ানী হাউজে এই সভা ও নির্বাচন অনুষ্ঠিত হয়। সভায় বিপুল সংখ্যক সদস্য ও গুণীজন উপস্থিত ছিলেন, যা বিদেশের মাটিতে বগুড়ার ঐতিহ্য ও সংহতিকে আরও সুদৃঢ় করেছে।

সংগঠনের বিদায়ী সভাপতি মহব্বত আলী আকন্দের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ সাইফুল ইসলামের সঞ্চালনায় সভার কার্যক্রম পরিচালিত হয়। শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন বীর মুক্তিযোদ্ধা ড. শাহজাহান বীর। এরপর শুভেচ্ছা বক্তব্য রাখেন বগুড়া সদরের সাবেক সংসদ সদস্য ও সংগঠনের ট্রাস্টি বোর্ডের সদস্য সাইফুর রহমান ভান্ডারী রাজ। তাঁর বক্তব্যে তিনি প্রবাসে বগুড়ার ঐতিহ্য ও সংস্কৃতিকে ধারণ করার গুরুত্ব তুলে ধরেন।

এছাড়াও ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যারন গোলাম মোস্তফা বাবু পাইকার, ট্রাষ্টি বোর্ডের সদস্য যথাক্রমে রাইছুল হক, আলী সৈয়দ টিপু, শাহ আফজাল হোসেন, আব্দুল মান্নান ও আজিজুল হক মুন্না, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের সভাপতি ও ট্রাস্টি বোর্ডের সদস্য রাফেল তালুকদার, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের সাবেক সভাপতি এবং বাংলাদেশ সোসাইটি ও বগুড়া সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য আতোয়ারুল আলম, উপদেষ্টা মণ্ডলীর সদস্য তরিকুল হাসান মহব্বত, সাইফুল ইসলাম মান্না, মোহাম্মাদ আলী, মর্তুজা আলী বুলবুল, মোস্তফা আলমগীর বক্তব্য রাখেন। বক্তারা তাদের বক্তব্যে সংগঠনের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা, সদস্যদের মধ্যে সেতুবন্ধন তৈরি এবং সামাজিক কর্মকাণ্ডে আরো সক্রিয় অংশগ্রহণের উপর জোর দেন।

সাধারণ সভার মূল আকর্ষণ ছিল কার্যকরী পরিষদের নির্বাচন। এতে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন ড. জাকিরুল ইসলাম। নির্বাচন কমিশনার হিসেবে তাকে সহযোগিতা করেন মোহাম্মদ সাইফুল ইসলাম (কুইন্স) ও কাজী আজাদ রহমান সেলিম। সুষ্ঠু ও নিরপেক্ষভাবে নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সভায় নির্বাচন কমিশনকে ধন্যবাদ জানানো হয়।

নির্বাচনের ফলাফলে নবীন ও অভিজ্ঞতার সমন্বয়ে একটি শক্তিশালী কমিটি গঠিত হয়। এতে সভাপতি পদে মোহাম্মদ সাইফুল ইসলাম, সিনিয়র সহ-সভাপতি পদে ড. জাকিরুল ইসলাম, সহ-সভাপতি পদে যথাক্রমে জহুরুল ইসলাম তালুকদার লিটন, তালুকদার শামিম সবুজ, জাহাঙ্গীর আলম লিপন, আব্দুল্লা আল সাদী, বজলুর রহমান আকন্দ, আব্দুস সোবহান, রফিকুল ইসলাম সানা ও মাহমুদুল হক, সাধারণ সম্পাদক পদে খাদেমুল ইসলাম রুবেল, সহ-সাধারণ সম্পাদক পদে গোলাম রব্বানী রাজু, সাংগঠনিক সম্পাদক পদে রাশেদ আল হেলাল রতন, সহ-সাংগঠনিক সম্পাদক পদে গোলাম মোস্তফা নাজাত ও কামরুল হাসান এবং কোষাধ্যক্ষ পদে জুয়েল আহমেদ নির্বাচিত হন।

এছাড়াও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক পদে হেমিকা রহমান অবন্তি, ক্রীড়া সম্পাদক পদে ইসমাইল হোসেন ইমন, সহ-ক্রীড়া সম্পাদক পদে আল আমিন সোহাগ, সাংস্কৃতিক সম্পাদক পদে রায়ান তাজ, সহ-সাংস্কৃতিক সম্পাদক পদে আব্দুর রাকিব খান আরিফ, প্রচার সম্পাদক পদে মোহাম্মদ নাফিউস সাদিক, দপ্তর সম্পাদক পদে শাপিনুর রহমান, সমাজকল্যাণ সম্পাদক পদে মুরাদ মোরশেদ হায়দার বিপ্লব, মহিলা সম্পাদিকা পদে জীবন নাহার মালা, ধর্ম বিষয়ক সম্পাদক পদে রফিকুল ইসলাম রফিক, সহ-ধর্ম বিষয়ক সম্পাদক পদে এসএম আরমান হোসেন, আপ্যায়ন সম্পাদক পদে কামরুজ্জামান লালু, সহ-আপ্যায়ন সম্পাদক পদে এনামুল হক, সাহিত্য সম্পাদক পদে এ এস এম পারভেজ শাহী, তথ্য ও গবেষণা সম্পাদক পদে রঘুনাথ বসাক, যোগাযোগ সম্পাদক পদে মোহাম্মদ হেলাল উদ্দিন নির্বাচিত হন।

সদস্যমন্ডলীতে রয়েছেন- মহব্বত আলী আকন্দ, মোহাম্মদ সাইফুল ইসনাম (কুইন্স), শফিকুল ইসলাম, শাহ আলী রেজা, আফরোজা বেগম রুজি, আলমগীর হোসেন, গাওছুল আজম রিগান, মাকসুদুল আলম ডাইমন্ড, মাহিনুর ইসলাম স্মরণ, শাহ কামাল মানি, আল আমিন, মোহাম্মদ ওবাইদুল হক, রাজু শাহ, নুর আলম, নিতাই বাগচী, এ এস এম হাসান লিপন, লিপ এবং নির্বাচিত সহ-আপ্যায়ন সদস্যবৃন্দরা হলেন- লিটন আলী, মোহাম্মদ আব্দুল মালেক, মোহাম্মদ মোস্তফা আলী, মোহাম্মদ আব্দুল সবুর, মোহাম্মদ জাহিদুর রহমান, আবুল কে মাজেদ ও জান্নাতুল ভুবন।

নবনির্বাচিত কমিটির কর্মকর্তারা বগুড়া সোসাইটি ইউএসএ ইনক প্রবাসে বগুড়ার কৃষ্টি, সংস্কৃতি ও ঐতিহ্যকে আরও বিকশিত করবে বলে আশা প্রকাশ করেন। তারা বলেন, এবারের নির্বাচন বগুড়া সোসাইটি ইউএসএ ইনক এর ইতিহাসে একটি নতুন অধ্যায়ের সূচনা করল, যা আগামী দিনগুলোতে সংগঠনটিকে আরও গতিশীল ও কার্যকর করে তুলবে।

সবশেষে নবনির্বাচিত কমিটির সভাপতি সাইফুল ইসলাম, নতুন কমিটি সদস্যদের মধ্যে পারস্পরিক সৌহার্দ্য ও সম্প্রীতি বৃদ্ধির পাশাপাশি কমিউনিটির বিভিন্ন সেবামূলক কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালন করবে বলে প্রত্যয় ব্যাক্ত করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

বাধ্যতামূলক ছুটিতে ইপিএ'র ১৩৯ কর্মী!

শেষ পৃষ্ঠায় পর 'ভিন্নমতের ঘোষণা' (Declaration of Dissent)।

চিঠিতে অভিযোগ করা হয়, ফেডারেল সরকার "ক্ষতিকর মাত্রায় নিয়ন্ত্রণ শিথিল করছে", "দূষণকারী শিল্পকারখানার স্বার্থে বৈজ্ঞানিক মতামত উপেক্ষা করছে" এবং ইপিএ-র ভেতরে "ভয়ের সংস্কৃতি" চালু করেছে।

চিঠিটি এমন সময় সামনে এল, যখন সংস্থাটিতে কর্মী ছাঁটাইয়ের আরেকটি ধাপ আসন্ন এবং বড় ধরনের পুনর্গঠন চলছে। এর আওতায় ইপিএ-র গবেষণা বিভাগ বন্ধ করে দেওয়া হচ্ছে এবং বিলিয়ন ডলারের অনুদান বাতিল করা হচ্ছে।

চিঠিতে বর্তমানে কর্মরত এবং সম্প্রতি বরখাস্ত হওয়া শতাধিক কর্মী সই করেছেন। বৃহস্পতিবার রাত নাগাদ চিঠির প্রকাশিত সংস্করণ থেকে সইকারীদের নাম সরিয়ে ফেলা হয়েছে। তবে এর আগে, একটি অভ্যন্তরীণ কপি ইপিএ প্রশাসক লি জেলডিনের কাছে পাঠানো হয়েছিল।

বৃহস্পতিবার ইপিএ-র বিবৃতিতে বলা হয়, "পরিবেশ সংস্থার ক্যারিয়ারধারী আমলারা যদি বেআইনিভাবে সরকারের নীতিকে ক্ষতিগ্রস্ত করতে চেষ্টা করেন, তাহলে তা বরদাশত করা হবে না।" সংস্থাটি আরও জানায়, সরকারি পদবি ব্যবহার করে চিঠিতে সই করায় ১৩৯ কর্মীকে তদন্তাধীন অবস্থায় ছুটিতে রাখা হয়েছে।

ট্রাম্পের নির্বাহী আদেশ অনুযায়ী, ইপিএ পুনর্গঠনের মাধ্যমে বিভিন্ন গুরুত্বপূর্ণ দফতর একত্রিত করা হবে, যাতে নিয়ম-কানুন সহজ করা যায় এবং জীবাশ্ম জ্বালানি খাতের উন্নয়ন ত্বরান্বিত হয়।

উল্লেখ্য, এ ঘটনাকে কেন্দ্র করে যুক্তরাষ্ট্রে সরকারি কর্মীদের স্বাধীন মত প্রকাশ নিয়ে নতুন করে বিতর্ক তৈরি হয়েছে। এর আগেও একই ধরনের ঘটনা ঘটেছিল। গত জুনে জাতীয় স্বাস্থ্য সংস্থার (এনআইএইচ) শতাধিক কর্মী সংস্থার পরিচালককে চিঠি দিয়ে গবেষণার রাজনৈতিকীকরণের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিলেন। এবার ইপিএর ঘটনায় সেই বিতর্ক আরও জোরালো হলো বলে মনে করছেন বিশ্লেষকেরা।

বাফেলো-নায়াগ্রাবাসীর সঙ্গে স্টিয়ারিং কমিটির মতবিনিময়





শেষ পৃষ্ঠায় পর ২০২৫। এ সম্মেলন সফল করতে ফোবানা স্টিয়ারিং কমিটি নানা পদেক্ষপ গ্রহণ করেছে। এ পদক্ষেপের অংশ হিসেবে গত ৩০ জুন, সোমবার ফোবানার স্টিয়ারিং কমিটির প্রতিনিধি দল সম্মেলনের ভেন্যু পরিদর্শন এবং বাফেলো ও নায়াগ্রাবাসীর সঙ্গে মতবিনিময় করে।

২৭৯ গিলফোর্ড স্ট্রিট, বাফেলোতে আয়োজিত এ মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ফোবানার সাবেক চেয়ারম্যান ও ফোবানা সম্মেলন ২০২৫ এর চেয়ারম্যান এডমিন গিয়াস আহমেদ। স্বাগত বক্তব্য রাখেন ফোবানার সাবেক চেয়ারম্যান মোহাম্মদ হোসেন খান। বক্তব্য রাখেন সাবেক চেয়ারম্যান আলী ইমাম শিকদার, স্টিয়ারিং কমিটির এক্সিকিউটিভ সেক্রেটারি কাজী সাখাওয়াত হোসেন আজম, স্টিয়ারিং কমিটির মেম্বার ফরহাদ খন্দকার। স্টিয়ারিং কমিটির মেম্বার সাংবাদিক শাহাব উদ্দিন সাগর মতবিনিময় সভা পরিচালনা করেন। এসময় তাকে সহযোগিতা করেন ব্যবসায়ী সোহেল হাওলাদার।

সভায় অন্যান্যের মাঝে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সিনিয়র সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সাবেক সহ সভাপতি আব্বাস উদ্দিন দুলাল ছাড়গাও মির্জা মামুন, জসিম উদ্দিন, প্রমোটার এনামুল হক, আবদুল লতিফ, এটর্নী রাকিব, এডভোকেট শহীদুল ইসলাম প্রমুখ। বক্তারা নায়াগ্রায় অনুষ্ঠিতব্য ফোবানা সম্মেলন সফল করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার উপর গুরুত্বারোপ করেন।

এদিকে প্রতিনিধি দল গত ১ জুলাই, মঙ্গলবার দুপুরে সম্মেলনের ভ্যানু নায়াগ্রার শেরাটন হোটেল পরিদর্শন করে।

চলতি বছরের ফেডারেশন অব বাংলাদেশী এসোসিয়েশনস অব নর্থ আমেরিকা-'ফোবানা' এর ৩৯তম সম্মেলন আগামী ২৯-৩১ আগষ্ট লেবার ডে ইউকেন্ডে নায়াগ্রার শেরাটন হোটেলের নান্দনিক ভেন্যুতে অনুষ্ঠিত হবে। এবারের সম্মেলনের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'প্রবাসী নতুন প্রজন্মই হোক আগামী ফোবানার শক্তি'।

ফেডারেশন অব বাংলাদেশী এসোসিয়েশনস অব নর্থ আমেরিকা-ফোবানা প্রবাসের একটি অত্যন্ত মর্যাদাপূর্ণ সংগঠন। ফোবানা উত্তর আমেরিকায় বসবাসরত বাংলাদেশী প্রবাসীদের বৃহত্তম একটি সংগঠন। এটি মূলত: যুক্তরাষ্ট্রের বিভিন্ন রাজ্য ও কানাডা থেকে পরিচালিত বাংলাদেশী সংগঠনগুলোর একটি সম্মিলিত প্ল্যাটফর্ম। ১৯৮৭ সালে ওয়াশিংটন ডিসিতে প্রথম সম্মেলন আয়োজনের মধ্য দিয়ে ফোবানার যাত্রা শুরু হয়। ফোবানার মূল লক্ষ্য যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশীদের মধ্যে ঐক্য ও সংহতি বৃদ্ধি, বাংলাদেশী সংস্কৃতি ও ঐতিহ্যকে তুলে ধরা এবং এর প্রচার ও প্রসার, বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক এবং শিক্ষামূলক কার্যক্রমের মাধ্যমে প্রবাসীদের জীবনযাত্রার মান উন্নয়ন, যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে নানা ক্ষেত্রে সেতুবন্ধন রচনা করা। -প্রেস বিজ্ঞপ্তি।

সাংবাদিক-লেখক সাঈদ তারেকের জন্মদিন পালিত





৯-এর পৃষ্ঠায় পর বীর মুক্তিযোদ্ধা খন্দকার ফরহাদ, এটিএন বাংলার সিনিয়র ভাইস প্রেসিডেন্ট কে এম মাহমুদ হাসান, মূলধারার রাজনীতিক আব্দুর রশীদ ও মেরী জোবায়দা, মানবাধিক সংগঠন ড্রাম-এর সংগঠক কাজী ফৌজিয়া, নজরুল একাডেমী ইউএসএ'র সাধারণ সম্পাদক ছড়াকার শাহ আলম দুলাল, ব্রঙ্কস কমিউনিটি বোর্ড মেম্বার শেখ শাজাহান, রিয়েলটর আজিজুল হক মুন্না, প্রফেসর সৈয়দ আজাদ, কবি সালেহা ইসলাম, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ'র সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট তারেক, রুবেল আহমেদ প্রমুখ। ধন্যবাদ জ্ঞাপন করেন বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশন-এর হেড অব নিউজ সালাহউদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে আবু তাহের জনাব সাঈদ তারেকের সুস্থ্য ও দীর্ঘ জীবন কামনা করে বলেন, তিনি আপাদমস্তক একজন আদর্শবান সাংবাদিক। তিনি যখন সাংবাদিকতা শুরু করেন তখন সাংবাদিকতা ছিলো একটি মর্যাদাবান পেশা। আজ নানা কারণেই এই পেশা মর্যাদা হারিয়েছে। তিনি বলেন, সাংবাদিকতায় আদর্শ আর মর্যাদা না থাকলে সেই সাংবাদিকতা কল্যাণকর নয়।

সাঈদ তারেক বলেন, একজন মানুষের জীবনে ৭৫ বছর বেঁচে থাকা সৌভাগ্যের বিষয়। এই সুযোগ সবার জীবনে আসে না। তাই দিনটি স্মরণীয় করতে এমন জন্মদিন পালন অনুষ্ঠান আয়োজনের জন্য তিনি টাইম টিভি-বাংলা পত্রিকা পরিবারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। পাশাপাশি অনুষ্ঠানে উপস্থিত সুধীদের প্রতিও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

অনুষ্ঠানের সুধীরা তাদের বক্তব্যে জনাব সাঈদ তারেকের সুস্থ্য ও শতায়ু জীবন কামনা করে বলেন, ব্যক্তিগত জীবনে সাঈদ তারেক ভালো মনের মানুষ, নীতিবান মানুষ। তিনি তার সাংবাদিকতা, লেখনী, আর আলোচনার মধ্য দিয়ে দেশ-জাতির কল্যাণে ভূমিকা রেখে চলেছেন।

সবশেষে উপস্থিত সুধীজনদের নিয়ে জনাব সাঈদ তারেক ও আবু তাহের কেক কাটেন।

ধনীদের উৎসব, গরিবের দুশ্চিন্তা?

প্রথম পৃষ্ঠার পর জো বাইডেন এনেছিলেন 'ইনফ্লেশন রিডাকশন অ্যাক্ট'। আর দ্বিতীয় মেয়াদে প্রেসিডেন্ট হিসেবে ডোনাল্ড ট্রাম্পের সবচেয়ে বড় আইন হিসেবে সামনে এসেছে করছাড়-ভিত্তিক বিল, যেটিকে তিনি নিজেই নাম দিয়েছেন 'ওয়ান বিগ বিউটিফুল বিল'।

আইনটি পাস করাতে ট্রাম্প অনুসরণ করেছেন তার দীর্ঘ ব্যবসায়িক জীবনে প্রতিষ্ঠিত কৌশলড়ব্যবসায়িক দৃষ্টিভঙ্গিতে ব্র্যান্ডিং এবং জোরালো প্রচার। কংগ্রেসে রিপাবলিকানদের একচেটিয়া সমর্থন নিশ্চিত করে, নানা বিতর্ক সত্ত্বেও তিনি বিলটি পাস করাতে সক্ষম হন।

তবে এই জয় কতটা দীর্ঘস্থায়ী হবে, তা নির্ভর করছে ২০২৬ সালের মধ্যবর্তী নির্বাচনের ওপর। ডেমোক্রেটরা ইতিমধ্যে প্রস্তুতি নিচ্ছেন এই ইস্যুতে প্রচারণা চালাতেড়ে তাদের অভিযোগ, এই বিল ধনীদের করছাড় দিলেও দরিদ্র আমেরিকানদের স্বাস্থ্যসেবা কেড়ে নিচ্ছে। অন্যদিকে, ট্রাম্প ও রিপাবলিকানদের দাবি, যারা স্বাস্থ্যসেবার যোগ্য, তারা তা পাবেই। কিন্তু নিরপেক্ষ বিশ্লেষকেরা বলছেন, এই বিল কার্যকর হলে আগামী এক দশকের মধ্যে দেশজুড়ে বীমাবিহীন মানুষের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বাড়বে।

বিলে এমন কিছু দফাও রয়েছে, যা দিয়ে ট্রাম্প দরিদ্র জনগোষ্ঠীর কাছে ইতিবাচক বার্তা পৌছাতে চানড়যেমন, 'টিপস' ও 'ওভারটাইম' আয়ের ওপর কর মওকুফ, যা মূলত নিম্ন আয়ের শ্রমজীবীদের জন্য। এ ছাড়া, তাঁর প্রথম মেয়াদের করছাড় যেগুলো শিগগিরই মেয়াদ শেষ হওয়ার কথা, সেগুলো পুনরায় বাড়িয়ে তিনি দাবি করতে পারছেন যে এতে লাখ লাখ মানুষ করবৃদ্ধি থেকে রক্ষা পাবেন।

তবে এই লক্ষ্যমাত্রা পূরণে রিপাবলিকানরা বড় কাটছাঁট করেছে মেডিকেইডসহ বিভিন্ন সামাজিক সুরক্ষা খাত থেকে, যা ট্রাম্পের আগে দেওয়া প্রতিশ্রুতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। ট্রাম্প একসময় বলেছিলেন, মেডিকেইড, সোশ্যাল সিকিউরিটি বা ফুড স্ট্যাম্পের মতো কর্মসূচিতে সাধারণ মানুষের ওপর কোনো প্রভাব পড়বে না। বাস্তবে, এই বিলের ভারসাম্য রাখতে গিয়ে সরকারপুষ্ট খাদ্যসহায়তা ও স্বাস্থ্যসেবার ব্যয় অনেকখানিই কমানো হয়েছে।

সিনেটর ব্রায়ান শাটজ এই প্রসঙ্গে মন্তব্য করেছেন, ট্রাম্পের প্রথম মেয়াদে কংগ্রেসে ডেমোক্রেটরা অনেক নেতিবাচক সিদ্ধান্ত আটকে দিতে পেরেছিলেন। এবার পরিস্থিতি ভিন্ন, কারণ ট্রাম্পের দলের হাতে এখন কংগ্রেসের নিয়ন্ত্রণ। শাটজ বলেন, এই বিল বাস্তবায়িত হলে কিছু হাসপাতাল বন্ধ হয়ে যেতে পারে, বাড়তে পারে বিদ্যুতের দাম, আর খাদ্য সংকটে পড়তে পারেন বহু মানুষ।

এই বিল নিয়ে কিছু রিপাবলিকান নেতাও অসন্তুষ্ট। নর্থ ক্যারোলিনার সিনেটর থম টিলিস সতর্ক করেছিলেন যে এই আইন কার্যকর হলে তার রাজ্যে অনেক মানুষ স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হবেন এবং রাজনৈতিক ক্ষতির মুখে পড়বেন। তাঁর পরামর্শ অগ্রাহ্য হওয়ায় তিনি পরবর্তী নির্বাচনে না দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন। অন্যদিকে, আলাস্কার সিনেটর লিসা মারকাওস্কি, যিনি এই বিল পাসের জন্য চূড়ান্ত ভোটটি দেন, তিনিও বলেন, এই বিলটি আরও পর্যালোচনা ও সংশোধনের প্রয়োজন ছিল।

শুরুর জরিপগুলো বলছে, আইনটি বিশেষ করে স্বাধীন ভোটার এবং এমনকি কিছু রিপাবলিকানের মধ্যেও জনপ্রিয় নয়। হোয়াইট হাউস অবশ্য বলছে, তাদের অভ্যন্তরীণ জরিপে এই নেতিবাচকতা ধরা পড়েনি।

বর্তমানে শুধুই রিপাবলিকানরাই এই আইন পাস হওয়ায় উল্লসিত। প্রেসিডেন্ট ট্রাম্পের তাতে আপত্তি নেই বলেই মনে হয়। আইওয়ায় এক ভাষণে তিনি বলেন, ডেমোক্রেটরা শুধু তাঁকে ঘৃণা করে বলেই এই বিলের বিরোধিতা করেছে। আর এ নিয়ে তিনি চিন্তিত নন, কারণ তিনি নিজেও তাঁদের ঘৃণা করেন।

ব্রঙ্কসে নান্দনিক সাজসজ্জায় চালু হচ্ছে

শেষ পৃষ্ঠায় পর খলিল রন্ধনবিদ্যায়ও ডিপ্লোমা নিয়েছেন আরেক বিশ্বখ্যাত প্রতিষ্ঠান নিউইয়র্কের "কুলিনারী ইন্সটিটিউট" থেকে। এরপর ব্রঙ্কসে গড়ে তুলেছেন নিজস্ব ব্যবসা প্রতিষ্ঠান "খলিল বিরিয়ানী হাউস"। নিজকে উজাড় করে দিয়েছেন তার এই প্রতিষ্ঠানে। তার শ্রম, মেধা আর অভিজ্ঞতা অল্প সময়ে তাকে পৌছে দিয়েছে এক অনন্য উচ্চতায়।

খলিলুর রহমান দেশে-বিদেশে রান্না বিষয়ক বিভিন্ন প্রতিযোগীতায় বিচারক ও মেন্টর হিসাবে দ্বায়িত্ব পালন করেছেন। কাজের স্বীকৃতি হিসাবে পেয়েছেন যুক্তরাষ্ট্রেরর প্রেসিডেন্ট জো বাইডেনের আজীবন সম্মাননা পুরস্কার। ভূষিত হয়েছেন বৃটিশ কারী এ্যাওয়ার্ড ও ভারতের গুজরাটের কিংশেফ এ্যাওয়ার্ডে। কোলকাতার অভিজাত প্রতিষ্ঠান 'রয়েল বেঙ্গল মাস্টার শেফ' এর কাছ থেকে পেয়েছেন- 'গোল্ডেন হ্যাট' পুরস্কার। ইন্ডিয়ান কুলিনারী ফেডারেশন থেকে অর্জন করেছেন 'মাস্টার শেফ' সার্টিফিকেট।

নিউইয়র্কের গভর্নর ক্যাথি হকুল থেকে শুরু করে মেয়র এরিক অ্যাডামস, সিনেটে মেজোরিটি লিডার চাক শুমার, কংগ্রেসওম্যান আলেকজান্দ্রিয়া ওকাসিও, কংগেসম্যান টম সোজি, সিটি কম্পট্রোলার স্কট স্টিংগার, ষ্টেট সিনেটর লুইস সিপুলভিদা, অ্যাসেম্বলিওমান কারিনা রয়েস, অ্যাসেম্বলি মেম্বার আমান্ডা ফারিয়াস, সিটি কাউন্সিল মেম্বার শাহানা হানিফ সহ দেশী-বিদেশী অনেক সেলিব্রেটি তার খাবার খেয়ে এতই আপ্লুত হন যে তারা তাকে প্রক্লেমেশন, সাইটেশন এবং বিশেষ সম্মাননায় ভূষিত করেছেন বহুবার। তিনিএকাধিক বার সম্মাননা পেয়েছেন ইউএস কংগ্রেসে বিরোধী দলীয় নেতা হাকিম জেফরির কাছ থেকেও।

নিউইয়র্ক সিটির ব্রঙ্কসের পার্কচেস্টারের ইউনিয়ন পোর্ট রোডে রয়েছে তার বিশাল ফুড কোর্ট। এক ছাদের নীচে হরেক রকম খাবার নিয়ে খলিল ফুড কোর্ট এখন জমজমাট। এটি খলিল বিরিয়ানী হাউসের একটি সহ প্রতিষ্ঠান।

খলিল ফুড কোর্টে বাংলাদেশী নিয়মিত ঐতিহ্যবাহী খাবারের বাইরেও আছে নানা রকম হালাল ফাস্ট ফুড। পাওয়া যায় ফুচকা, চটপটি, শর্মা, টার্কিশ গ্রীল, বাবলটি, আইসক্রিম, নানা ধরনের পেস্ট্রি, বার্গার, কেক, ওয়াফেল ইত্যাদি।

প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী শেফ খলিলুর রহমান বলেন, এখানে এক ছাদের নীচে বসে গ্রাহকরা নানাবিধ খাবারের স্বাদ নিতে পারবেন। জায়গার পরিসর বৃদ্ধি পাওয়ায় এখানে পর্যায়ক্রমে বিভিন্ন দেশের আন্তর্জাতিক মানের খাবারও পরিবেশনা করা হবে।

খলিলুর রহমান বলেন, এই সামার-কে সামনে নিয়ে ফুড কোর্টকে সাজানো হচ্ছে সম্পূর্ণ নতুন আঙ্গীকে। নান্দনিক পার্টিসান দিয়ে ফুডকোর্টের ভেতরেই আলাদাভাবে তৈরি করা হচ্ছে ফাইন ডাইনিং। গতানুগতিক চেয়ার-টেবিলের জায়গায় স্থান পাবে আরামদায়ক সোফা। প্রতিটি ফ্যামিলি প্রাইভেটলি বসে আমাদের মজাদার খাবারের স্বাদ উপভোগ করতে পারবেন।

খলিলুর রহমান বলেন, আমার নিজস্ব রেসিপিতে তৈরি বাইডেন বিরিয়ানী ইতিমধ্যে দেশী-বিদেশী ক্রতাদের মন জয় করতে সক্ষম হয়েছে। এর সাথে এবার যুক্ত হবে হায়দ্রাবাদী বিরিয়ানী। ঐতিহ্যবাহী হায়দ্রাবাদী বিরিয়ানীর সাথে আমার নিজস্ব রেসিপি যুক্ত হয়ে ভোজনবিলাসীদের কাছে টানবে বলে আমার বিশ্বাস। বলা হয়ে থাকে এই বিরিয়ানীটি এসেছে হায়দ্রাবাদের নিজাম বংশীয় মুসলিম নবাবদের রান্নাঘর থেকে। ভারতীয় এবং মধ্যপ্রাচ্যের রান্নার এক অপুর্ব মিশ্রনে সৃস্টি এই বিরিয়ানী। বর্তমানে ভারতীয় উপমহাদেশ সহ সারা বিশ্বে এই বিরিয়ানীর জয় জয়কার।

খলিলুর রহমান বলেন, আশা করা যাচ্ছে আগামী সপ্তাহ দু'য়েকের মধ্য ইনটেরিয়াম ডেকোরেশন শেষ হলে 'খলিল ফাইন ডাইনিং' গ্রাহকদের সেবা দিতে সক্ষম হবে। ক্রেতারা নতুন আঙ্গীকে সজ্জিত রেস্টুরেন্টের ভেতর আরামদায়ক পরিবেশে বসে অন্যান্য খাবারের সাথে 'খলিল ফাইন ডাইনিংয়ে'র মুখরোচক খাবারের স্বাদ নিতে পারবেন।

খলিলুর রহমান বলেন, প্রতি বছরের মত এবারও উইকেন্ডে পিকনিকের জন্য প্রচুর কেটারিং অর্ডার পাচ্ছি। আমি নিজ হাতে রান্না করে খাবারগুলো পৌছে দিচ্ছি পিকনিক স্পটে। আমরা কোয়ালিটি খাবারে বিশ্বাস করি। যারা আমাদের খাবার দিয়ে পিকনিকের আনন্দকে আরো জমজমাট করতে চান তারা আগেভাগে অর্ডার দিলে আমরা সুস্বাদু খাবার যথাসময়ে পৌছে দেবার জন্য নিশ্চিত করবো। গ্রাহকরা তাদের সুবিধার্থে আমাদের জ্যাকসন হাইটস শাখায়ও খাবারের অর্ডার দিতে পারবেন। গত বছরের অক্টোবর থেকে এই শাখাটিও আমার একক মালিকানায় পরিচালিত হচ্ছে।

ফোর্থ জুলাইয়ে 'পার্টি আয়োজনেই সীমাবদ্ধ'

শেষ পৃষ্ঠায় পর উদ্যোগে যুক্তরাষ্ট্রের স্বাধীনতা দিবস পালন করতে দেখা যায়। কিন্তু এবার তেমন কোন উদ্যোগ চোখে পড়েনি।

বাংলাদেশ সোসাইটি সহ কমিউনিটির অধিকাংশ সংগঠন/প্রতিষ্ঠান ঘটা করে প্রবাসে বাংলাদেশের স্বাধীনতা দিবস পালন করলেও তেমনীভাবে যুক্তরাষ্ট্রের স্বাধীনতা দিবস পালন করছে না। এমন দিবস পালন করা, না করার মধ্যদিয়ে দেশপ্রেমের পরিচয়ের বিষয়টি 'প্রশ্নবিদ্ধ' হয়ে উঠে বলে সচেতন প্রবাসীরা মনে করেন। তারা বলেন, বাংলাদেশ যেমন আমাদের মাতৃভূমি এবং সেই দেশের নাগরিক আমরা, তেমনী আমরা ন্যাচারালাইজড প্রক্রিয়ায় যুক্তরাষ্ট্রের নাগরিক। কিন্তু একজন নাগরিক হিসেবে আমরা যেভাবে যুক্তরাষ্ট্রের সকল সুযোগ-সুবিধা ভোগ করছি, সেভাবে কি আমরা এই দেশটাকে মনে-প্রাণে অন্তরে ধারণ করছি? এমন প্রশ্নও অনেকের। তাদের মতে প্রবাসে বাংলাদেশের স্বাধীনতা দিবস পালনের পাশপাশি, সমান গুরুত্ব দিয়ে যুক্তরাষ্ট্রের স্বাধীনতা দিবসও পালন করা উচিৎ।

এব্যাপারে বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি ডা. ওয়াদুদ ভূঁইয়া বলেন, আমরা জন্মগতভাবে যেমন বাংলাদেশের নাগরিক, তেমনী ন্যাচারালাইজড প্রক্রিয়ায় যুক্তরাষ্ট্রেরও নাগরিক। তাই বাংলাদেশের মতো আমাদেরও যুক্তরাষ্ট্রের স্বাধীনতা দিবস পালন করা উচিৎ, আমরা যারা যুক্তরাষ্ট্রের নাগরিক, আমরা যে আমেরিকাকেও ভালোবাসি তারও বহি:প্রকাশ দরকার। শুধু শুধু মনে মনে ভালোবাসলে চলবে না। এক্ষেত্রে আমাদের দৈনতা কাটিয়ে উঠতে হবে।

বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী বলেন, আমরা যারা আমেরিকান নাগরিক অবশ্যই তাদের স্বাধীনতা দিবস পালন করা উচিৎ। কেননা একজন নাগরিকের পাশাপাশি মূলধারার রাজনীতিতে সক্রিয় হতে মূলধারার অনুষ্ঠানেও সক্রিয় হতে হবে। আর এসব অনুষ্ঠান আয়োজনের মধ্য দিয়ে নতুন প্রজন্মকেও সহজেই কমিউনিটির সাথে সম্পৃক্ত করা যাবে।

বিশিষ্ট রাজনীতিক আবু সাঈদ আহমেদ বলেন, অবশ্যই আমরা যারা আমেরিকান তাদের বাংলাদেশের মতো যুক্তরাষ্ট্রেরও স্বাধীনতা দিবস ঘটা করে পালন করা উচিৎ। এজন্য সম্মিলিতভাবে উদ্যোগ নেয়া উচিৎ বলেন মনে করেন তিনি।

এদিকে এবারের 'ফোর্থ অব জুলাই' শুক্রবার অর্থাৎ যুক্তরাষ্ট্রের স্বাধীনতা দিবসে একাধিক বাংলাদেশী-আমেরিকান বা বন্ধু-বান্ধবের উদ্যোগে তাদের বাসা-বাড়ীর অঙ্গীনায় 'বার্বিকিউ পার্টি'র আয়োজন করতে দেখা গেছে। অপরাহ্ন থেকে শুরু করে অনেক রাত পর্যন্ত এই পার্টি চলেছে। এতে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশীও অংশ নেন।

ব্রুকলীনের চার্চ-ম্যাকডোনাল্ডস বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন (সিএমবিবিএ) ও লিটল বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির অন্যতম প্রতিষ্ঠাতা রফিকুল ইসলাম পাটোয়ারীর বাড়ীতে অন্যান্য বছরের মতো এবছরও ব্যাপক আয়োজনে 'বার্বিকিউ পার্টি'র আয়োজন করা হয়। এতে বাংলাদেশ সোসাইটির ট্রাষ্টি বোর্ড সদস্য নাঈম টুটুল, সোসাইটির সাবেক সহ সভাপতি নজরুল ইসলাম, সাবেক কর্মকর্তা মাহবুবুর রহমান সহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অংশ নেন। এছাড়াও কুইন্স ভিলেজ সহ নিউইয়র্ক সিটির বাংলাদেশী অধ্যুষিত এলাকাগুলোতে পারিবারিকভাবে 'বার্বিকিউ পার্টি'র আয়োজন করা হয়।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর নেই। আবার কোন কোন পদে এমন লোকের নাম দেখা যায় যাদের মেধা, যোগ্যতা বা দায়িত্বের সাথে কোন মিল নেই। আবার এমনও দেখা যায়, ঐ পদে যার নাম বা দায়িত্বে তার কোন খবরও নেই। অর্থাৎ নামে মাত্র-ই নাম-পদবী। প্রতিটি সংগঠনে সভাপতি ও সাধারণ সম্পাদকের পাশপাশি কোষাধ্যক্ষ বা অর্থ সম্পাদকের পদ এবং ঐ পদে কর্মকর্তা থাকলেও সংগঠনের কোন আর্থিক খবর তার কাছে নেই। আবার ধর্ম বিষয়ক সম্পাদক, নারী বিষয়ক সম্পাদক, ইমিগ্রেশন বিষয়ক সম্পাদক প্রভৃতি সম্পাদকের কোন কাজই দেখা যায় না। বিষয়গুলো সংশ্লিষ্টদের ভেবে দেখা দরকার বলে সচেতন প্রবাসীদের অভিমত।

ব্রঙ্কসে বাকা'র পথমেলায় হাজারো মানুষের উপস্থিতিতে উৎসবের আমেজ





শেষ পৃষ্ঠায় পর সিটির ব্রঙ্কসের ওয়াটারবেরী এভিনিউতে এই মেলার আয়োজন করা হয়। প্রায় দশ সহস্রাধিক মানুষের সমাগমে পরিপূর্ণ 'বাংলা মেলা'র উদ্বোধন করেন প্রধান অতিথি গ্লোবাল পিস অ্যামব্যাসেডর, পিপল আপ এর প্রেসিডেন্ট ড. মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ।

স্মরণকালের বর্ণাঢ্য এই মেলায় আমন্ত্রিত অতিথি ছিলেন নিউইয়র্ক সিটি মেয়র এরিক এডামস। মেয়র তার বক্তব্যে এই রকম একটা সফল মেলা আয়োজন এবং মেলায় এতো বিপুল মানুষের সমাবেশ ঘটানোয় আয়োজক সংগঠন বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশনকে বিশেষ ধন্যবাদ জানান এবং আগামীতে সংগঠনের সাথে যেকোন কার্যক্রমে শরীক হওয়ার আগ্রহ প্রকাশ করেন।


সংগঠনের সভাপতি সারওয়ার চৌধুরীর সভাপতিত্বে এবং সাবেক সভাপতি আহবাব চৌধুরী খোকন, সাধারণ সম্পাদক শাহ বদরুজ্জামান রুহেল ও উপস্থাপক আশরাফুল হাসান বুলবুলের যৌথ উপস্থাপনায় উদ্বোধনী পর্বে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি আব্দুল হাসিম হাসনু, কমিউনিটি বোর্ড-৯ এর চেয়ারম্যান মোহাম্মদ এন মজুমদার, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট আব্দুর রহিম বাদশা, জুনেদ চৌধুরী, মাসুদ রহমান, ফেঞ্চুগঞ্জ এসোসিয়েশন ইউএসএ এর সভাপতি মাহবুবুল আলম, কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ এর সভাপতি সৈয়দ ইলিয়াস খসরু, আহাদ আলী সিপিএ, রিয়েলটর সালেহ উদ্দিন সাল, রিয়েল এস্টেট ইনভেস্টের বিলাল চৌধুরী, মর্টগেজ ব্রোকার আকিব হোসেন, রিয়েলটর শেরুজ্জামান শিরু, সংগঠনের সিনিয়র সহ সভাপতি লোকমান হোসেন লুকু, সহ সভাপতি মাকসুদা আহমেদ, ফয়সল আহমেদ, মেলা কমিটির আহবায়ক এবং সংগঠনের প্রচার ও গণ সংযোগ সম্পাদক মোহাম্মদ লিয়াকত আলী, যুগ্ম সাধারণ সম্পাদক সোহেল আহমেদ, এমডি আলা উদ্দিন, শাহ কামাল উদ্দিন, মেলা কমিটির সদস্য সচিব ও সংগঠনের অর্থ সম্পাদক মোহাম্মদ রনি, স্কুল শিক্ষা ও সমাজসেবা সম্পাদক ও মেলা কমিটির যুগ্ম সদস্য সচিব সালমা সুমী, কার্যকরী পরিষদ সদস্য চৌধুরী মোমিত তানিম।

বাংলা মেলায় সংগঠনের পক্ষে আরও উপস্থিত ছিলেন সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক রায়হান জামান রানা, ক্রীড়া ও বিনোদন সম্পাদক শাহ ইকবাল রাজু, কার্যকরী পরিষদ সদস্য রেহানুজ্জামান রেহান।

এছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে আরো উপস্থিত ছিলেন কমিউনিটি অ্যাক্টিভিষ্ট ফয়েজ চৌধুরী, আবু সাইদ আহমদ, মৌলভীবাজার সমিতি নিউজার্সির কর্মকর্তা সুলেমান চৌধুরী, বাংলাদেশ পুলিশ এসোসিয়েশনের সভাপতি এরশাদ সিদ্দিকী, লুটোনেন্ট বিলাল উদ্দিন, বিশিষ্ট রাজনীতিবিদ সাইদ আহমেদ, ফয়েজ চৌধুরী, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট খবির উদ্দিন ভুইয়া, মখন মিয়া, মনজুর চৌধুরী জগলুল, মোতাসিম বিল্লাহ তুষার, ফারমিস আকতার, জামাল আহমেদ, সাংবাদিক সিদ্দিকুর রহমান সুমন, সংগঠনের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আলমগীর কবির শামীম, প্রমুখ।

সাংস্কৃতিক পর্বে সঙ্গীত পরিবেশন করেন বাংলাদেশ থেকে আগত জনপ্রিয় সঙ্গীত শিল্পী প্রতীক হাসান, বাউল কালা মিয়া, রেশমী মির্জা ও শাহ মাহবুব। নৃত্য পরিবেশন করেন নিউইয়র্কের উদীয়মান নৃত্য শিল্পী মায়া এনেজলিনা। মেলার শেষপর্বে ছিল র‍্যাফেল ড্র এবং পুরস্কার বিতরণী।

বাংলা মেলার সফল সমাপ্তিতে সংগঠনের সভাপতি সারওয়ার চৌধুরী মেলায় সর্বাত্বক সহযোগিতা করার জন্যে সকল স্পন্সর এর প্রতি বিশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ এবং আগামীতেও বাকা'র বিভিন্ন কার্যক্রমে সবার স্বতস্ফূর্ত ও আন্তরিক সহযোগিতা কামনা করে মেলার আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করেন। -প্রেস বিজ্ঞপ্তি।


















ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইল ***আমেরিকার স্বাধীনতা দিবসের শুভেচ্ছা ও ধন্যবাদ***। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে। এই কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হব।

প্রতি সপ্তাহের মতো এই সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

২০২৫ এর জন্য এইচএইচ স পোভার্টি গাইডলাইন :

১ মার্চ ২০২৫ থেকে-২০২৫ এর পোভার্টি গাইডলাইন কার্যক্রম হয়েছে। একজন ব্যক্তি বা পরিবার কতিপয় সরকারি সুবিধা পাওয়ার যোগ্য কিনা তা নির্ধারণ করা হয় পোভার্টি গাইডলাইন দিয়ে। ইমিগ্রেশনের ক্ষেত্রে এসব গাইডলাইন খুবই গুরুত্বপূর্ণ। বিশেষ করে ফ্যামিলি স্পনসরশীপ এবং এফিডেভিট অফ সাপোর্টের ক্ষেত্রে।

ইউএস সিটিজেন অথবা পার্মানেন্ট রেসিডেন্ট যারা তাদের পরিবারের সদস্যদের জন্য স্পন্সর করতে চান তাদের উপাজন অবশ্যই ফেডারেল নির্ধারিত পোভার্টি গাইড লাইন অনুযায়ী হতে হবে।

ইউএসএ'র সশস্ত্র বাহিনীতে কর্মরতদের স্পাউস (স্বামী/স্ত্র) এবং সন্তানদের জন্য আবেদন করতে ১০০ ভাগ হাউজহোল্ড

পোভার্টি গাইড লাইনঃ

পরিবারের সদস্য সংখ্যা পোভার্টি গাইড লাইন
পরিবারে সদস্য সংখ্যা ২ জন = ২১,১৫০ ডলার
পরিবারের সদস্য সংখ্যা ৩ জন =২৬,৬৫০ ডলার
পরিবারের সদস্য সংখ্যা ৪ জন = ৩২,১৫০ ডলার
পরিবারের সদস্য সংখ্যা ৫ জন = ৩৭,৬৫০ ডলার
পরিবারের সদস্য সংখ্যা ৬ জন = ৪৩,১৫০ ডলার
পরিবারের সদস্য সংখ্যা ৭ জন = ৪৮,৬৫০ ডলার
পরিবারের সদস্য সংখ্যা ৮ জন = ৫৪,১৫০- ডলার

পরিবারের সদস্য সংখ্যা ৮ জনের অধিক হলে বাড়তি প্রত্যেকের জন্য অতিরিক্ত ৫,৫০০ ডলার যোগ করতে হবে।

অন্যান্য স্পন্সরদের জন্য ২০২৫ সালের পোভার্টি গাইড লাইন ঃ

উল্লেখ্য যে, ইউএস সিটিজেন অথবা আইনসংগত পার্মানেন্ট যারা তাদের কোন পারিবারিক সদস্যকে পার্মানেন্ট রেসিডেন্ট হিসেবে স্পন্সর করতে চান, তাদের উপার্জন অবশ্যই ফেডালের পোভার্টি গাইড লাইন লেবেলের ১২৫ শতাংশের সমান কিংবা তার বেশি হতে হবে।

অন্যান্য স্পন্সরদের জন্য ২০২৫ সালের পোভার্টি গাইড লাইনঃ

পরিবারের সদস্য সংখ্যা পোভার্টি গাইড লাইন
পরিবারে সদস্য সংখ্যা ২ জন = ২৬,৪৩৭ ডলার
পরিবারে সদস্য সংখ্যা ৩ জন = ৩৩,৩১২ ডলার
পরিবারে সদস্য সংখ্যা ৪ জন = ৪০,১৮৭ ডলার
পরিবারে সদস্য সংখ্যা ৫ জন = ৪৭,০৬২ ডলার
পরিবারে সদস্য সংখ্যা ৬ জন = ৫৩,৯৩৭ ডলার
পরিবারে সদস্য সংখ্যা ৭ জন = ৬০,৮১২ ডলার
পরিবারে সদস্য সংখ্যা ৮ জন = ৬৭,৬৮৭ ডলার

পরিবারের সদস্য সংখ্যা ৮ জনের অধিক হলে প্রত্যেকের জন্য অতিরিক্ত ৮,৮৭৫ ডলার যোগ করতে হবে।

ভিসা বুলেটিনে দ্বৈত চার্টঃ

ইউএস স্টেট ডিপার্টমেন্ট পরিবার ভিত্তিক এবং চাকুরিভিত্তিক ক্যাটাগরিতে পৃথক দুটি চার্ট প্রকাশ করে থাকে। একটি চার্ট ফাইনাল অ্যাকশন হিসেবে ব্যবহৃত হয়। এই চার্টটিকে চার্ট এ বলা হয়। এই ক্যাটাগরিতে একজন আবেদনকারীর গ্রীন কার্ড অথবা ভিসা প্রকৃতপক্ষে কখন অনুমোদন লাভ করতে পারে তার ইঙ্গিত পাওয়া যায়। আর দ্বিতীয় চার্টটি হচ্ছে ন্যাশনাল ভিসা সেন্টারের সাক্ষাৎকারের জন্য চূড়ান্তভাবে ফাইল করার লক্ষ্যে। এই চার্টটিকে সাধারণত চার্ট 'বি' বলা হয় প্রকৃতপক্ষে এটাই আসল তারিখ।

চার্ট 'বি' ভিসা হচ্ছে ভিসা আবেদন ফাইল ফাইনাল করার ইঙ্গিত দেয়া ইউএস ডিপার্টমেন্টের ওয়েব সাইটে প্রতিমাসে ফ্যামিলি ভিত্তিক এবং চাকুরি ভিত্তিক ও অগ্রাধিকারের উভয় চার্টই প্রকাশ করা হয়ে থাকে।

প্রতি সপ্তাহে এই বিভাগে ভিসা বুলেটিন প্রকাশ করা হয়। আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে মাঝে মধ্যে ভিসা বুলেটিনের দ্বৈত চার্ট প্রকাশ করা হয়।

জুলাই ২০২৫ ভিসা বুলেটিন :

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) জুলাই ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করা হলো। উল্লেখ যে, 'ফাইনাল অ্যাকশন ডেট' বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ নির্ণয় হয় এর পূর্বে।

জুলাই ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে অল্প কিছুটা অগ্রগতি হয়েছে ।

ফ্যামিলি স্পনসর্ড প্রেফারেন্সেস :

প্রথম: (এফ ১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : জুলাই ১৫, ২০১৬

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ ২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং সন্তান ঃ সেপ্টেম্বর ০১, ২০২২।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী) ঃ অক্টোবর ১৫, ২০১৬।


তৃতীয় ঃ (এফ ৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ আগস্ট ০১, ২০১১।

চতুর্থ ঃ (এফ ৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ জানুয়ারি ০১ ২০০৮।

পারিবারিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয় যে কোন চূড়ান্ত পদক্ষেপ গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন অ্যাটর্নির সাথে পরামর্শ করা ভালো।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।


যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ন স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ ইনক্

KULAURA BANGLADESHI ASSOCIATION OF U.S.A. INC.

বার্ষিক বনভোজন ২০২৫



PLACE: FERRY POINT PARK | **Date: Sunday, July 13, 2025** | **Time: 10:00 AM to 7:00 PM**



সংগীত পরিবেশনায় ঃ-
TANZIM SAJIB
DJ SINGER & SOUND
Tel: 646-626-2972

PLACE: 10 HUTCHINSON RIVER PKWY, THE BRONX, NY 10465

১। এয়ার টিকেট (NEW YORK - DHAKA - NEW YORK)	:	মঈন চৌধুরী Esq. ATTORNEY AT LAW	Tel: 917-292-9256
২। স্বর্ণের হার	:	আকিব হোসেন BRANCH MANAGER MEADOWBROOK	Tel: 646-920-4799
৩। স্বর্ণের ব্রেসলেট	:	জাকির চৌধুরী সিপিএ CEO: ZAKIR CPA, PLLC (TAX, AUDIT & CORPORATION)	Tel: 929-207-1516
৪। ল্যাপটপ		নাজমুস সাকিব সালাম KWLANDMARK II NYS LICENSED REALTOR	Tel: 718-751-6088
৫। আপেল ওয়াচ Apple Watch Ultra	:	জুবেল আহমেদ R2M REALTY	Tel: 586-765-5934
৬। ল্যাপটপ		সাইফুল ভূঁইয়া CEO: STRITS INCOME TAX SERVICE	Tel: 646-508-5790
৭। স্বর্ণের আংটি	:	রহিমা বেগম DEPUTY DIRECTOR: DEPARTMENT OF SOCIAL SERVICE	Tel: 917-617-1414
৮। স্বর্ণের আংটি SMART 4K	:	তারেকুল ইসলাম জুয়েল সদস্য - ভাটেরা এসোসিয়েশন অব ইউএসএ	Tel: 917-749-2924
৯। 65" টিভি	:	লুৎফুর রহমান সহ-সভাপতি: কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ	Tel: 917-215-2194
১০। 50" টিভি	:	সালেহ উদ্দিন PARKCHESTER BRONX REALTY	Tel: 646-548-5475
১১। আপেল আইপেড	:	ফারুক মিয়া সদস্য - কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ	Tel: 347-659-6681
১২। বাইসাইকেল	:	মোঃ অলিউর রহমান সদস্য - কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ	Tel: 917-391-4902

বিশেষ সহযোগিতায়


Moin Choudhury, Esq.
Attorney at Law
Director (Govt. Affairs)
American International Bar Association
Phone: 917-282-9256
E-mail: moinlaw@gmail.com


Zakir Choudhury, CPA
Founder & CEO
ZAKIR CPA PLLC
TAX, AUDIT & CORPORATION
929-207-1516
info@zakircpa.com







MOSAHED RASHED
FIDELIS CARE
Health Benefit Representative
59-17 JUNCTION BOULEVARD
ELMHURST, NY 11373
917-744-3636

R2M REALTY
Jubel Ahmed | 36250 Dequidre Rd Suite- 100 Sterling Heights, 48310
TEL: 586-765-5934



SPICY & SWEETS
ABDUL BASIT (KUNU) | TEL: 646-637-2850

সম্মানীত কুলাউড়াবাসী, আস্‌সালামু আলাইকুম/আদাব,
আগামী ১৩ জুলাই ২০২৫, রবিবার কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ ইন্‌ক এর বার্ষিক বনভোজন ও মিলন মেলার আয়োজন করা হয়েছে। উক্ত মিলনমেলায় কুলাউড়াবাসী সহ সকলে সপরিবারে আমন্ত্রিত।

আমন্ত্রণক্রমে

সৈয়দ ইলিয়াস খসরু
সভাপতি
৬৪৬-২৯১-৭৪০৮

মঈনুর রহমান সুয়েব
সাধারণ সম্পাদক
৯১৭-৩৪০-৭১৬৭

উপদেষ্টা পরিষদ

আবুল কালাম, মোঃ আব্দুল জলিল, ফারুক এ. চৌধুরী, মোঃ আব্দুস সালাম, মোঃ নজরুল ইসলাম, বেদারুল ইসলাম বাবলা, মশাহিদ জে. রাশেদ, সিরাজ উদ্দিন আহমদ, মোঃ এ.এম. চৌধুরী, মোঃ তজমুল আলী ও কামরুল হোসেন চুনু

কার্যকরি পরিষদ

লুৎফুর রহমান *(সহ-সভাপতি)*, **বদরুল ইসলাম মিন্টু** *(সহ-সাধারণ সম্পাদক)*, **ওবায়দুর রহমান কামাল** *(কোষাধ্যক্ষ)*, **রাহাত বিন ওয়াহিদ চৌধুরী** *(সাংগঠনিক সম্পাদক)*, **শামীম আহমদ** (প্রচার সম্পাদক), **মিতা চক্রবর্তী** (সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক), **আজিজুল হক স্বপন** (ক্রীড়া ও সমাজকল্যাণ সম্পাদক), **সালমা চৌধুরী মিলি** (মহিলা বিষয়ক সম্পাদিকা), **মোহাম্মদ অলিউর রহমান** (কার্যনির্বাহী সদস্য), **সালিক আহমদ** (কার্যনির্বাহী সদস্য), **মোহাম্মদ মতিউর রহমান খান মিন্তিক** (কার্যনির্বাহী সদস্য), **তাহমিদুর রহমান চৌধুরী তৌসিফ** (কার্যনির্বাহী সদস্য) ও **ফারুক মিয়া** (কার্যনির্বাহী সদস্য)

প্রচারেঃ শামীম আহমদ ৯৭৩-৯১৪-০৬৭০

সিলেট দক্ষিণ সুরমা ইউনাইটেড ইউএসএ'র পিকনিকে মিলনমেলা

শেষ পৃষ্ঠায় পর সকলকে সকালে নাস্তা, দুপুরে মুখরোচক বাঙালি খাবার পরিবেশন করেন সিলেট দক্ষিণ সুরমা ইউনাইটেড ইউএসএ পিবনিক আয়োজন কমিটির সদস্যরা। দিনভর কুইজ, খেলাধূলা, র‍্যাফেল ড্র শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার তুলে দেয়া হয়। ১ম পুরস্কার ছিলো নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক বিমানের রিটার্ণ টিকেট, ২য় পুরস্কার স্বর্ণের কানের দুল, ৩য় পুরস্কার নিউইয়র্ক- লন্ডনের এয়ার টিকেট সহ নানা আকর্ষণীয় পুরস্কার। পিকনিকে অংশ নেওয়া সকলকে বিশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান সংগঠনের আহ্বায়ক রিয়াজ উদ্দিন কামরান, সদস্য সচিব শাহ্ সেলিম আহমেদ, বনভোজন উদযাপন কমিটির আহ্বায়ক আলহাজ্ব কফিল আহমদ চৌধুরী, প্রধান সমন্বয়ক আব্দুল আহাদ হেলাল, সদস্য সচিব মাজলুল আহমেদ কামরানসহ কমিটির নেতৃবৃন্দরা।





























স্বপ্নের আমেরিকাতে থাকা হলোনা মৌলভীবাজারের যুবকের

প্রথম পৃষ্ঠার পর নির্ধারণ করেন এবং ওই তারিখে ইমিগ্রেশন কর্মকর্তা তার আবেদন বাতিল করে এক্সপাডাইটেড রিমুভাল বা তাৎক্ষণিক বহিষ্কার ঘোষণা করেন। কোন উপায়ান্তর না দেখে ডিপোর্টেশন এড়াতে স্ত্রী ও সন্তানকে নিয়ে নিজ থেকেই দেশে ফিরে যান তিনি।

ওই যুবকের স্বজন তার নাম ঠিকানা না প্রকাশ করার শর্তে বাংলা পত্রিকা জানান, ২০২৪ সালের আগস্ট মাসে টুরিস্ট (বি১/বি২) ভিসায় স্ত্রী ও একমাত্র শিশু সন্তানটিকে নিয়ে নিউইয়র্কে আসেন ৩৩ বছর বয়সী ওই যুবক। তাঁর বাড়ি বাংলাদেশের মৌলভীবাজার জেলার সীমান্তবর্তী একটি উপজেলায়। এখানে আসার জন্য দেশে নিজের ব্যবসা গুটিয়ে নিয়েছিলেন। নিউইয়র্কে আসার ৩ মাস পর স্ত্রী-সন্তানসহ যুক্তরাষ্ট্রে আশ্রয় আবেদন করেন ইউএস সিটিজেনশীপ ও ইমিগ্রেশন সার্ভিসে। যথারীতি তার আবেদন গ্রহণ করা হয় এবং ফিঙ্গার প্রিন্টসহ সকল প্রক্রিয়া শেষে সোশ্যাল সিকিউরিটি এবং ওয়ার্ক পারমিটের আবেদন করেন ওই যুবক। গত ফেব্রুয়ারির শেষের দিকে সোশ্যাল সিকিউরিটি এবং ওয়ার্ক পারমিট পেয়ে নিউইয়র্কে একটি ব্যবসা প্রতিষ্ঠানে কাজ শুরু করেন। গত মে মাসের শেষ সপ্তাহে ইউএসসিআইএস থেকে নোটিশ আসে জুনের ৬ তারিখ তার আবেদনের শুনানীর তারিখ। সেই শুনানীতে যাওয়ার পর ইমিগ্রেশন কর্মকর্তা ওই যুবককে তার আশ্রয় আবেদন প্রত্যাখান করে ৩ সপ্তাহ সময় দিয়ে তাৎক্ষণিক বহিষ্কারের নোটিশ ধরিয়ে দেন। সেই নোটিশ পেয়ে অনেকটাই হতাশ হয়ে পড়েন ওই যুবক।

ওই যবকের স্বজন আরো জানান, এদেশে এসে যারা আশ্রয় আবেদন করেন দীর্ঘ সময় পর্যন্ত শুনানীর অপেক্ষায় থাকতে হয়। কিন্তু তার ক্ষেত্রে এত দ্রুত ও হঠাৎ শুনানী হবে সে ভাবতেও পারেনি। আশ্রয় আবেদনের স্টেটমেন্ট এবং ডকুমেন্টও জমা দেয়া হয়নি। শুনানীতে আবেদন বাতিল বা প্রত্যাখান হলে কোর্টে শুনানী আবেদনের সুযোগ দেয়া হয়। কিন্তু তার ক্ষেত্রে সেই সুযোগ ছিলোনা।

একাধিক এটর্নীর সাথে যোগাযোগ করা হলে তারা জানায় এটি ইউএসসিআইএস এর আইনী এখতিয়ারে তাৎক্ষণিক বহিষ্কার দিতে পারে। আগে সেটা তেমন প্রয়োগ হতোনা। এখন ট্রাম্প প্রশাসনের অভিবাসন কড়াকড়িতে এ আইনের প্রয়োগ পুরো মাত্রায় করা হচ্ছে। ভবিষ্যতে কি হবে সে নিশ্চয়তা পায়নি সে। এজন্য ডিপোর্টেশন ঝুঁকি এড়াতে জুনের শেষ সপ্তাহে সে স্ত্রী সন্তান নিয়ে দেশে ফিরে গেছে।

এদিকে ট্রাম্প প্রশাসনের অভিবাসী বিরোধী নীতিতে এবার যুক্তরাষ্ট্রে আশ্রয় আবেদনের মাধ্যমে বৈধভাবে কাজের সুযোগ পাওয়া অভিবাসীদের দ্রুত বিতাড়নে 'ফাস্ট ট্র্যাক' কার্যক্রমের পরিকল্পনা নেয়া হয়েছে। এতে ইউ. এস সিটিজেনশীপ এন্ড ইমিগ্রেশন সার্ভিস (ইউএসসিআইএস) এ পেন্ডিং থাকা আশ্রয় আবেদন দ্রুত শুনানী করে তাৎক্ষণিক বহিষ্কারের বা এক্সপাডাইটেড রিমুভাল রিমুভাল আওতায় সরাসরি আবেদন বাতিল করা হবে। এমনকি আদালতে শুনানীর সুযোগ দেয়া হবে না। আর এমন 'ফাস্ট ট্র্যাক' এ অবৈধভাবে যুক্তরাষ্ট্রে প্রবেশ করে আশ্রয় আবেদন কারী প্রায় আড়াই থেকে ৩ লাখ অভিবাসীকে প্রথম ধাপে বহিষ্কার করা হবে। এজন্য ইউএসসিআইএসকে এনফোর্সমেন্ট ক্ষমতা দেয়া হয়েছে হোমল্যান্ড সিকিউরিটির সেক্রেটারী ক্রিস্টি নোয়েমের নির্দেশে। ইতিমধ্যে ইউএসসিআইএস সকল প্রক্রিয়া শুরু করে দিয়েছে। সিএনএনের এক্সক্লুসিভ প্রতিবেদনে ট্রাম্প প্রশাসনের এমন বিস্ময়কর পরিকল্পনার তথ্য জানিয়েছে।

যদিও এর আওতায় অবৈধভাবে যুক্তরাষ্ট্রে প্রবেশকারীদের এক্সপাডাইটেড রিমুভাল এর মাধ্যমে দ্রত বিতাড়নের করার পরিকল্পনা ছিলো। কিন্তু বৈধভাবে প্রবেশ করে আশ্রয় আবেদনকারীকে এক্সপাডাইটেড রিমুভালের শিকার হলেন বাংলাদেশি যুবক।

সাহিত্য সাময়িকী

আজ বুঝি হয়েছে কবিতা
দুখু বাঙাল

একটা কবিতা লেখা হয়ে গেলে
তোমার দ্বিতীয় সঙ্গমের ব্যাকুল ইচ্ছায় সাড়া দিতে
তর যেন সয় না কিছুতেই
তখন তুমি অস্ফুট স্বরে বলতে থাকো
এখন তুমি কবি নও, এখন তুমি বাঘ
আজ বুঝি হয়েছে কবিতা!

ঘর্মাক্ত ললাটে চুমু খেতে খেতে বলি-
বলো তো দেখি, কী তোমার অধিক প্রিয়
কবি না-কি শুধুই শার্দূল?
তুমি এলিয়ে পড়া হাসি হেসে বলো-
বাঘের লাগুর পেলে একবার যে কোনো মেয়ে
সহসাই ভুলে যাবে কবির কুণ্ঠিত মুখখানি।

বুঝলাম, কোনোদিন বাড়ি না ফেরা বাঘগুলো
একবার ঢুকে গেলে মন্ত্রবদ্ধ সেই মায়াপুরে
কেন যে কামরূপী নারীদের পাঁঠা বনে যায়!
একটা কবিতা লেখা হয়ে গেলে
ডানার সমস্ত জল ঝেড়ে ফেলার নির্ভারতায়
একদৌড়ে উঠে যান কবি হিমালয়ের সর্বোচ্চ চূড়ায়।



মানুষ
আলম মাহবুব

মানুষই দূরের পথে হাঁটে,
তুমুল বৃষ্টিতে ভিজে ভোরের স্বপ্ন সাজায়।

মানুষ তো অনড় পাথর নয়-
ভুলের যাপনে, নির্জন আলোয় ফিরে
অগ্নিদাহে, উড়াল নদীর গানে
ক্রমশ রং লাগে জীবনের চোখে।

দীর্ঘ রাতের শেষে
খোয়ানো স্বপ্নের আর্তনাদে জ্বলে ওঠে আগুন ভাষা-
মানুষ দাঁড়ায় তবু নির্মম রসায়নে।

জীবনের গল্পে
সে লেখে তুমুল প্রতিবাদের ভাষাচিত্র।

অনুষঙ্গ আরোহ
কাজী আতীক

দূরাগত সময়ের নিয়ামক বুঝতে চাওয়া হয়তো বোকামিই,
তবে পরবর্তী মুহূর্তটির কথা ভাবতে না চাওয়া মূর্খতা অবশ্যই।
যে আকাশ ছুঁতে চেয়েছে তাঁর ডানার সামর্থ্য জানতেই হবে
পায়ের সামর্থ্যে হয়তো উঁচু পাহাড় চুড়ায় শুধু মেঘ ছোঁয়া যায়।
যেমন বাদলের ধারায় কেবল ভিজতে পারো তুমি
অনন্তর- জলাধারে নেমে তবেই সাঁতার কাঁটা যায়।

অনুরূপ যখোন বাঁক নেবে নদী অথবা সড়ক, ডানে কিংবা বাঁয়ে
তোমাকেই জানতে হবে কোন বাঁকে কোন পথে যেতে চাও তুমি।

অভ্যুত্থান
নয়ন আহমেদ

অনেক সকাল পুড়ে পুড়ে যখন হলো দিন
অনেক আকাশ দেখে যখন সূর্য হলো ঘোড়া
অনেক আশার আলো যখন সোনালি বীজ ধান
মাঠের পরে মাঠ সেজেছে ছুটছে আলোর বান

তখন ঘোড়া ছুটছে প্রবল জীবন নদীর ধারে
তখন আকাশ হৃদয় ছোঁয়া স্বাধীনতার মতো
তখন মানুষ আসতে পারে ছুটতে পারে অঢেল
মানুষ তখন পণ্য নয় আর মানুষ প্রেমের মডেল

ঠিক তখনই পালায় দৈত্য পালায় আদিম পশু
পালায় সকল পাপীরা সব ফেলে বসতবাড়ি
ঠিক তখনই স্বাধীনচেতা ভাষ্য করে রোপণ
ঠিক তখনই ছড়িয়ে পড়ে তীব্র প্রজ্ঞাপন

অভ্যুত্থান- যুগের চিঠি। তীব্র আন্দোলন।
এখন থেকে হচ্ছে শুরু মনজ ঢেউ বপন।

তুমি আর সময়
শ্যামল বণিক অঞ্জন

স্রোতধারার মতো প্রবহমান সময়
আপন গতিতে বয়ে চলে নির্দ্বিধায়;
স্বেচ্ছায় পরিস্থিতিতে রঙ বদলায়
এটা কারও কাছে প্রশ্ন কিংবা উত্তর।

তুমিও ঠিক চলছো একই ধারায়
একটুখানি দাঁড়াবার ফুরসত নেই ;
যেন রহস্যময় কালের সাক্ষী মানবী
যে ক্ষণে ক্ষণে রূপ বদলায় ভঙ্গিমায়।

আপট্রেনে অথবা ডাউনট্রেনে
শিউল মনজুর

বাতাসে আষাঢ়-শ্রাবণের জলোযান উড়ছে। বিজলি
চমকে, সে উড়তে উড়তে ঘুরতে ঘুরতে, কখনো
নীচে নেমে আসছে, কখনো উপরে চলে যাচ্ছে।
অবশ্য ঝড়ের পূর্বাভাসের গল্প অনেক আগেই শুনে
এসেছি, এখনও দেখছি। তবু আমি, এই সিটি
শহরের একটি জনবহুল অথচ নিঃসঙ্গ স্টেশনে দীর্ঘ
অপেক্ষা ও আকাঙ্ক্ষা নিয়ে দাঁড়িয়ে আছি, বৃষ্টির
জন্যে, বলেছে সে আবারো ফিরে আসবে...। স্টেশনের
আঙিনা ছুঁয়ে, হুইসেল বাজাতে বাজাতে
আপট্রেন ও ডাউনট্রেনগুলি পুরনো যাত্রী নামিয়ে
নতুন যাত্রী নিয়ে চলে যাচ্ছে কাছে ও দূরের গন্তব্যে।
আর ওই দূরে; আষাঢ়-শ্রাবণের মেঘমালা উড়ছে,
আমি ঠাঁয় দাঁড়িয়ে আছি; হয় তো পরের
ট্রেনেই যুদ্ধ বিধ্বস্ত শহরের স্মৃতিচিহ্ন পেরিয়ে
আপট্রেনে অথবা ডাউনট্রেনে বৃষ্টি আসবে, সু-
শীতল বাতাসের বার্তা নিয়ে কদমফুলের আলিঙ্গনে
আসবে, আমি সেই বৃষ্টির প্রতীক্ষায় আছি;
ক্লান্ত বিষণ্ন যাযাবর যাত্রীর মতো নিঃসঙ্গ স্টেশনের
প্লাটফর্মে.....



বুদ্ধ কথা
দীপঙ্কর ইমন

ইলশেগুঁড়ি থেকে হঠাৎই মুষলধারে
পাহাড় নেমে আসে বুকে,
চাপা পড়ে মানুষের আদিম স্লোগান।

গৌতম বুদ্ধের পন্য মেয়াদোত্তীর্ণ হয়,
বাজারের অখ্যাত কোনো দোকানে।

দুরের প্যাগোডার থেকে ভেসে আসছে,
হিংসাই পরম ধর্ম।
নতুন ভিক্ষুর চোখে আগুন জ্বলছে
প্রতিশোধের।

আমি পাহাড়টাকে বুদ্ধের কথা বলি
আদিবাসী অহিংসার পাঠ শেখাই।
অন্ধকার থেকে নির্বাণ লাভ করা
সদ্য ভূমিষ্ট ভিক্ষু বলে-
বুদ্ধ অচল হয়েছে সেই আদিকালে।

জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভা

২৫ বছর পূর্তী পালনের প্রস্তুতি

নিউইয়র্ক: ব্যাপক উৎসাহ-উদ্দীপনায় জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির ২৫ বছর পূর্তী পালন করা হবে। এজন্য চলছে প্রস্তুতি। অপরদিকে সংগঠনের 'ফ্যামিলি বার্বিকিউ পার্টি' আগামী ২ আগষ্ট শনিবার কার্নিংহাম পার্কে অনুষ্ঠিত হবে। এছাড়াও ব্যাক টু স্কুল কর্মসূচীর আয়োজন করা হবে আগামী ২২ আগষ্ট শুক্রবার। সংগঠনের কার্যকরী পরিষদ ও উপদেষ্টা পরিষদের এক সভায় এসব সিদ্ধান্ত হয়েছে।

জ্যামাইকার হিলসাইড এভিনিউস্থ মেজ্জান রেষ্টুরেন্টে মঙ্গলবার (১ জুলাই) সন্ধ্যায় অনুষ্ঠিত ফ্রেন্ডস সোসাইটির কার্যকরী পরিষদ ও উপদেষ্টা পরিষদের সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার। সভায় প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গণি সহ অন্যান্য উপদেষ্টা ও কার্যকরী পরিষদের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক এনায়েত মুন্সী। সভায় ২ আগষ্ট শনিবার কুইন্সের কার্নিংহাম পার্কে (পার্কের অনুমতি পাওয়া সাপেক্ষে) 'ফ্যামিলি বার্বিকিউ পার্টি', ২২ আগষ্ট শুক্রবার আয়োজন করা হবে 'ব্যাক টু স্কুল' কর্মসূচী এবং অক্টোবর মাসে দু'দিনব্যাপী সংগঠনের '২৫ বছর পূর্তী' অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত হয়।

'ফ্যামিলি বার্বিকিউ পার্টি' সফল করতে সংগঠনের সাবেক সাধারণ সম্পাদক জে মোল্লা সানি-কে আহ্বায়ক ও কার্যকরী সদস্য নওশাদ হায়দার-কে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করা হয়েছে। এছাড়াও সোসাইটির ২৫ বছর পূর্তী পালন আয়োজক কমিটির আহ্বায়ক মনোনীত হয়েছেন সংগঠনের সাবেক সভাপতি বিলাল চৌধুরী এবং সদস্য সচিব মনোনীত হয়েছেন সাবেক সহ সাধারণ সম্পাদক রিজু মোহাম্মদ। কর্মসূচীগুলোর সার্বিক তত্ত্বাবধানে থাকবে সংগঠনের প্রধান উপদেষ্টা, সভাপতি ও সাধারণ সম্পাদক।











অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR

Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মান্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :

SHEIKH AL MAMUN, Certified School Teacher

MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:

Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on

K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Quality Education Is Our Priority!



কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার

এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগ মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পড়েন।

মাত্র ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিশ্বব্যাপি এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে স্বচ্ছন্দে পাচার করতে পারেন।

